আরও
চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার... পৃঃ ১১

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ২ কলকাতা বুধবার, ২৯ জুলাই ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১২ শ্রাবণ ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## এইমসে ২২১৮ নার্সিং অফিসার

### নোরসেট-১১ পরীক্ষা সেপ্টেম্বরে। নিয়োগ হবে এইমসের ১৯ টি ক্যাম্পাসে

'নার্সিং অফিসার রিক্রুটমেন্ট কমন এলিজিবিলিটি টেস্ট-ইলেভেন' (নোরসেট-১১) প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ২,২১৮ জন নার্সিং অফিসার নেবে দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। নিয়োগ হবে গ্রুপ 'বি' ক্যাটেগরিতে নয়াদিল্লি-সহ এইমসের ১৯টি ক্যাম্পাসে। কম্পিউটারভিত্তিক প্রিলিমিনারি পরীক্ষা ১২ সেপ্টেম্বর এবং মেন পরীক্ষা ৩০ সেপ্টেম্বর। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর: 103/2026.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: সাধারণ ৮৯৯, তফসিলি জাতি ৩২৩, তফসিলি উপজাতি ১৫৭, ওবিসি ৫৯৯, আর্থিক ভাবে অনগ্রসর ২৪০। সরকারি নিয়মানুসারে প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত আছে।

শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান বা স্টেট নার্সিং কাউন্সিল. কর্তৃক অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে নার্সিংয়ে বি এসসি (অনার্স) অথবা বি এসসি নার্সিং অথবা বি এসসি (পোস্ট-সার্টিফিকেট) বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা এবং অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উভয় ক্ষেত্রেই স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে।

বয়স: ১৩-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দুটি পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে জেনারেল

এরপর দুয়ের পাতায়

## রেলে চার সহস্রাধিক ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়ার

নিজস্ব প্রতিনিধি: ৪,০৯৮ জন জুনিয়র ইঞ্জিনিয়ার, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট এবং কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট নিয়োগের প্রক্রিয়া শুরু করল রেল। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৪/২০২৬। বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। ১৪ অগস্ট থেকে আবেদন করা যাবে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটগুলির মাধ্যমে। ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির বিভিন্ন শাখার ৩ বছরের ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। উল্লেখ্য, ২০২৫-এ শূন্যপদের সংখ্যা ছিল ২,৫৮৫টি। এবার গত বছরের তুলনায় শূন্যপদের সংখ্যা বাড়ল। বেতন: লেভেল-৬ অনুসারে। শুরুতে মাইনে ৩৫,৪০০ টাকা।

১-১-২০২৭ তারিখে প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

এরপর দুয়ের পাতায়

## গেট-২০২৭ পরীক্ষা ফেব্রুয়ারিতে

২০২৭ সালের গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং বা 'গেট' অনলাইন পরীক্ষা নেওয়া হবে ৬, ৭, ১৩, ১৪, ২০ ও ২১ ফেব্রুয়ারি। ২০২৭-এর 'গেট' পরীক্ষার আয়োজক মাদ্রাস ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

'গেট' পরীক্ষায় সফল হলে ভারত সরকারের শিক্ষা মন্ত্রক প্রদত্ত এবং অন্যান্য সরকারি স্কলারশিপ বা

এরপর চারের পাতায়

## রাজ্যে ৫,২৯৮ স্পেশ্যাল এডুকেশন টিচার নিয়োগ হবে, জানালেন স্কুল শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিনিধি: সরকারি সহায়তাপ্রাপ্ত প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে ৫,২৯৮ জন স্পেশ্যাল এডুকেটর তথা স্পেশ্যাল এডুকেশন টিচার নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকার। ২৪ জুলাই বিধানসভায় এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন রাজ্যের স্কুল শিক্ষামন্ত্রী দীপক বর্মন।

শিক্ষামন্ত্রী জানিয়েছেন, বিশেষ ভাবে সক্ষম ছাত্র-ছাত্রীদের পড়ানোর জন্য প্রাথমিক স্কুলগুলিতে ২,৭১৫

✓প্রাথমিক স্কুলে ২,৭১৫
✓মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলে ২,৫৮৩

জন ও মাধ্যমিক-উচ্চ মাধ্যমিক স্তরে ২,৫৮৩ জন স্পেশ্যাল এডুকেটর নিয়োগ করা হবে জরুরি ভিত্তিতে।

রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আরসিআই) স্বীকৃত স্পেশ্যাল এডুকেশনের ডি এড অথবা ডি এলএডের সঙ্গে ডি এডের (স্পেশ্যাল এডুকেশন) সমতুল সার্টিফিকেট বা ডিপ্লোমাধারীরা প্রাথমিক স্কুলগুলিতে এবং স্পেশ্যাল এডুকেশনের বি এড ডিগ্রি, অথবা বি এড ডিগ্রি ও সেই সঙ্গে আরসিআই স্বীকৃত ডিগ্রি বা ডিপ্লোমাধারীরা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের স্পেশ্যাল এডুকেশন টিচার পদে আবেদনের যোগ্য। সেন্ট্রাল রিহ্যাবিলিটেশন রেজিস্টারে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। নিয়োগের প্রক্রিয়া পরিচালনা করবে স্কুল সার্ভিস কমিশন।

## আই বি পি এস-এর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কয়েক হাজার ক্লার্ক

দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কয়েক হাজার কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট (ক্লার্ক) নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস'-এর প্রিলিমিনারি পরীক্ষা হবে ১০ ও ১১ অক্টোবর এবং মেন পরীক্ষা হবে ২৭ ডিসেম্বর। পরীক্ষার আয়োজক ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। তবে, অন্যান্য বছর এই নিয়োগের ক্ষেত্রে যে-শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে এবং প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে যে-পদ্ধতি অবলম্বন করা হয়েছে, এখানে তারই পুনরুল্লেখ করা হল প্রার্থীদের আগাম প্রস্তুতির সুবিধার্থে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট হলেই আবেদন করা যায়।

এরপর চারের পাতায়

## ইসরোয় ২৪২

অ্যাসিস্ট্যান্ট/আপার ডিভিশন ক্লার্ক ও জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট/স্টেনোগ্রাফার পদে ২৪২ জনকে নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। নিয়োগ করা হবে এই ৮টি জোনে— আমেদাবাদ, বেঙ্গালুরু, হায়দরাবাদ, নয়া দিল্লি, বেঙ্গালুরু, হাসান, মহেন্দ্রগিরি, শ্রীহরিকোটা ও তিরুবনন্তপুরম। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ISRO:ICRB:01(A-

এরপর দুয়ের পাতায়

## এয়ারপোর্টস অথরিটিতে ৩৮৪ ম্যানেজার ও জুনিয়র এক্সিকিউটিভ

বিভিন্ন বিভাগে ৩৮৪ জন ম্যানেজার ও জুনিয়র এক্সিকিউটিভ নেবে এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের সিভিল অ্যাভিয়েশন মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 12/2026/CHQ/DR-CBT.

শূন্যপদের বিবরণ: ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং-সিভিল): ১৪৫টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১০, ওবিসি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং-ইলেক্ট্রিক্যাল): ১৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত

এরপর দুয়ের পাতায়

## এনএমডিসি স্টিলে ১০০ এক্সিকিউটিভ ট্রেনি

১০০ জন এক্সিকিউটিভ ট্রেনি নেবে এনএমডিসি স্টিল। এটি কেন্দ্রের ইস্পাত মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ফিনান্স-সহ বিভিন্ন শাখায়। প্রথমে ৬ মাসের ট্রেনিং। সফলভাবে ট্রেনিংশেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৫/২০২৬.

এরপর চারের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## আইআইটি ধানবাদে অধ্যাপক

বিভিন্ন বিভাগে ৯০ জন অ্যাসোসিয়েট প্রফেসর, প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (গ্রেড ওয়ান/টু) নেবে ধানবাদের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের ক্ষেত্রে: 411002/1/2026-Dean(F)/1 এবং অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসরের ক্ষেত্রে: 411002/1/2026-Dean(F)/2.

নিয়োগ করা হবে এই সমস্ত বিভাগে: অ্যাপ্লায়েড জিওলজি,

এরপর চারের পাতায়

## ভারত ডায়ানামিক্সে ১৪৭ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

১৪৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ভারত ডায়ানামিক্স। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট ১৯৬১ অনুসারে হায়দরাবাদের কাঞ্চনবাগ ইউনিটে প্রশিক্ষণ দেওয়া হবে ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: BDL/0183/04/GRADUATE & DIPLOMA.

আসন সংখ্যার বিবরণ: সিভিল: গ্র্যাজুয়েট-২টি, ডিপ্লোমা-১টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: গ্র্যাজুয়েট-৬টি, ডিপ্লোমা- ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: গ্র্যাজুয়েট-৪৩টি, ডিপ্লোমা- ৬টি। মেকানিক্যাল: গ্র্যাজুয়েট-৬৯টি, ডিপ্লোমা-১৩টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইনফর্মেশন টেকনোলজি: গ্র্যাজুয়েট- ২টি, ডিপ্লোমা-১টি। ডিপ্লোমা ইন কম্পিউটার অ্যান্ড কমার্শিয়াল প্র্যাকটিসেস: ডিপ্লোমা-২টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, প্রতিবন্ধী, আর্থিকভাবে অনগ্রসর

এরপর চারের পাতায়

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

**Required a Expertised clerk at** Bankra Howrah, Age 30-50, Qualification (HS) com. Mob no : 93304-37520.

□

অভিজ্ঞতা সম্পন্ন ইংলিশ মিডিয়াম গ্র্যাজুয়েট মহিলা (রিসেপশন ও অফিস ওয়ার্ক) এবং পুরুষ (মার্কেটিং রিপ্রেজেন্টেটিভ সাউথ ইন্ডিয়ার জন্য) প্রয়োজন। বায়োডাটা হোয়াটসঅ্যাপ করুন- 98310-25321.

□

**Marketing Salesperson for** Passenger Car Spare Parts. WhatsApp CV to : 98310-73975.

□

নামী কোম্পানির লোহা (TMT Rebar- Shyam Metalic Group) এবং সিমেন্ট (Shree Cement) বিক্রয়ের জন্য। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া এবং হুগলি জেলায়। বিক্রয় প্রতিনিধি (Sales profile) প্রয়োজন। শূন্যপদ- ১০০। স্থানীয় বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে। বেতন: ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী + অন্যান্য সুযোগ-সুবিধা। অভিজ্ঞতা: সংশ্লিষ্ট ক্ষেত্রে অথবা নির্মাণ সামগ্রী (building materials) সংক্রান্ত ব্যবসায় ন্যূনতম ১-২ বছরের অভিজ্ঞতা ও মোটর বাইক থাকা বাধ্যতামূলক। যোগাযোগ- 97485-61894. Email Id- somnath.286@rediffmail.com

□

**Hiring Sr. Adviser for Part-Time** role in Reputed MNC from Defence/ Govt/ PSU/ Bank. Good Earning. Age 45-65, HS/ Graduate. 94331-89588.

□

**ISO9001 সংস্থায় Soldering-এর** কাজ জানা/আগ্রহী মহিলা প্রয়োজন। ঠাকুর-পুকুর/বেহালা অগ্রগণ্য। M- 89810-96404

□

## কর্মখালি

অবসরপ্রাপ্ত- Bank/ গভঃ/Pvt/ PSU/ রেল/গৃহবধূ/কর্মপ্রার্থীদের (30-65, HS+) ভারতের নামী MNC-র Kol অফিসে Manager পদ। Salary + PF + বোনাস। 98311-44909.

□

**Editor চাই**

**Physics ও Botany-তে Post** Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন: rayandmartin6@gmail.com-এ। কর্মস্থান: ১০ রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. Salary-20000/- (CTC).

□

**অবসরপ্রাপ্ত জীবনে আবার নতুন কিছু** শুরু করে সম্মান আর উপার্জন পেতে কলকাতার অফিসে আসুন। সরাসরি Co. থেকে সব সুবিধা পাবেন। ম্যানেজার-97488-70286.

□

**বাড়ীতে ২৪ ঘন্টার ভালো রান্না এবং** সংসারের ঘরোয়া কাজের পরিষ্কার পরিচ্ছন্ন মহিলা প্রয়োজন। বাঙ্গুর এভিনিউ, মোঃ- 98310-46302.

□

**Baranagore R. K. Mission High** School (H.S) 37, Gopal Lal Tagore Road, Kol-700036 স্কুল অফিসের যাবতীয় কাজকর্মে একজন দক্ষ পুরুষ ক্লার্ক চাই। যোগাযোগ করুন। M- 94751-29450.

□

**কর্পোরেট হাউস কলিতে Retd/ VRS** from Central/State/PSU/ Rail/DVC/ Bank/ ONGC/Ex Army দের নিয়োগ। গ্রাজুয়েট, 40-65. D. Halder : 94777-02092.

□

**হোটেল ও রেস্টুরেন্টে কাজের জন্য** ম্যানেজার, সার্ভিস বয়, হাউস কিপার, সিকিউরিটি গার্ড, রিসেপশনিস্ট, কিচেন হেল্পার চাই বারাসাত ও মধ্যমগ্রামে। 70035-22553.

□

## কর্মখালি

অবসরপ্রাপ্ত সেন্ট্রাল/স্টেট গভঃ/Bank/ Rail/CIL/GSI/ONGC/IOCL/DVC -দের কলি কর্পোরেট হাউসে Manager পদে নিয়োগ (40-70) Graduate. Ph: 7595 837 444

□

**Reputed Corporate Gr. reqd.** Retd./ House Wife/ Businessman/ Fresher HS+ for Part/ Full Time Attractive Salary, Inc. + PF + ESI 62893-03389.

□

**স্বগৃহে Project E-Book দেখে হাতে** লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ, ডেটা এন্ট্রি বা ফোনে টাইপ করে PART TIME প্রতি সপ্তাহে আয়ের সুযোগ। 62911-59330.

□

**Required a Fresh Science** Graduate AND a Draftsman Kolkata Adjacent Area in a Electrical Firm In Narendrapur, Mali With CV to : mailinduction@gmail.com

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৫ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

৫ অগস্ট কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

**We are Hiring! Position : Senior** Sales Executive. We are looking for a dynamic and experienced Senior Sales Executive for the marketing of logistics services in West Bengal. send your CV to Wapp- 94340-12818.

□

**যাদবপুর অফিসে MIS ও Telecaller** পদে মহিলা/ পুরুষ কর্মী প্রয়োজন। কমপক্ষে উচ্চমাধ্যমিক পাশ এবং Advanced Excel জানা বাধ্যতামূলক। বয়স: ২১ - ৪০ বছর। Fixed Salary + Incentive. যোগাযোগ- 62922-12122.

□

**Looking for a sales executive for** Electronics Company. (M) : 88664-56412.

□

**Service Eng. Dip/ B.Tech** Electronics. Walk-in 01.08.26 Bit Analyzer Infotech. P-85, C.I.T. Road, Scheme-VIIM, Kankurgachi, Kol-54. (M) 90382-11580.

□

**Wanted 2-3 years exp male field** Sales Eng for Coding & Marking / Auto batch coding Printer. Call- 98300-41424/ 98300-41423.

**DISCLAIMER SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.** assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# এইমসে ২২১৮

*প্রথম পাতার পর*

নলেজ অ্যান্ড অ্যাপ্টিটিউড ও নার্সিং-সংক্রান্ত বিষয়। মোট নম্বর ১০০। সময় দেড় ঘণ্টা। মেন পরীক্ষায় প্রশ্ন থাকবে নার্সিং-সংক্রান্ত বিষয়ে। মোট নম্বর ১৬০। সময়সীমা ৩ ঘণ্টা। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এবং নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.ac.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৩ অগস্ট। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ স্ক্যান করে আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩,০০০ টাকা (তফসিলি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ২,৪০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। ফি জমা দিতে হবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। পরীক্ষায় বসলে তফসিলি প্রার্থীরা ফিয়ের টাকা ফেরত পাবেন। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পাওয়া রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। আরও খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রেলে চার সহস্রাধিক

*প্রথম পাতার পর*

আবেদন করতে পারবেন ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির এই সব শাখার ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা: মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ম্যানুফ্যাকচারিং, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল, মেশিনিং, টুলস ও মেশিনিং, টুলস ও ডাই মেকিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ও সমতুল, ইনস্ট্রুমেন্টেশন ও কন্ট্রোল, কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং ও বি এসসি (সিভিল ইঞ্জিনিয়ারিং)।

সাধারণত প্রার্থী বাছাই করা হয় দুই পর্বের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে।

১৪ অগস্ট থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে।

যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) শূন্যপদে দরখাস্ত করতে পারবেন। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: https://www.rrbkolkata.gov.in (কলকাতা আরআরবি), https://www.rrbmalda.gov.in (মালদা আরআরবি), https://www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি আরআরবি)।

বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য-সহ 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হবে। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটগুলিতে। দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://rrb.indianrailways.gov.in

# ইসরোয় ২৪২

*প্রথম পাতার পর*

JPA):2026.

**শূন্যপদের বিবরণ:** অ্যাসিস্ট্যান্ট/আপার ডিভিশন ক্লার্ক: ১৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে কম্পিউটার চালানোয় দক্ষতা থাকতে হবে।

জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট/স্টেনোগ্রাফার: ৯২টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কমার্শিয়াল বা সেক্রেটারিয়াল প্র্যাকটিসে ডিপ্লোমা-সহ স্টেনো-টাইপিস্ট বা স্টেনোগ্রাফার হিসেবে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পাশাপাশি, ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৬০টি শব্দ লেখা ও কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত আছে।

**বয়স:** ১৬-৮-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, বিধবা, আইনত স্বামীবিচ্ছিন্না ও বিবাহবিচ্ছিন্না-রা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** লেভেল-৪ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৬ অগস্ট।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারীদের ৪০০ টাকা ফেরৎ দেওয়া হবে। তফসিলি, মহিলা, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি-র পুরো টাকাই ফেরত দেওয়া হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ারপোর্টস অথরিটিতে ৩৮৪

*প্রথম পাতার পর*

যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

**ম্যানেজার (ফিনান্স):** ৩৪টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ। অথবা ফিনান্স বা কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্টে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

**ম্যানেজার (ইনফর্মেশন টেকনোলজি):** ৫টি (সাধারণ)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্সে বি ই বা বি টেক। অথবা এমসিএ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ কাজের বছরের অভিজ্ঞতা।

**ম্যানেজার (আর্কিটেকচার):** ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।.**শিক্ষাগত যোগ্যতা:** আর্কিটেকচারে স্নাতক। আর্কিটেকচার কাউন্সিলে প্রার্থীর নাম অবশ্যই নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

**ম্যানেজার (ফায়ার সার্ভিসেস):** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ফায়ার ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। প্রার্থীর অবশ্যই বৈধ লাইট মোটর ভেহিক্যল লাইসেন্স থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

**ম্যানেজার (অপারেশনস):** ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি, সঙ্গে ২ বছরের এমবিএ ডিগ্রি। অথবা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। প্রার্থীর অবশ্যই লাইট মোটর ভেহিক্যল লাইসেন্স থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

**ম্যানেজার (কমার্শিয়াল):** ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ ২ বছরের এমবিএ। অথবা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

**জুনিয়র এক্সিকিউটিভ (ফিনান্স):** ৩৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৬, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ। অথবা ফিনান্স বা কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্টে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা।

**জুনিয়র এক্সিকিউটিভ (ল):** ৬টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** আইনে ডিগ্রি। স্নাতকের পর ৩ বছরের ডিগ্রি বা উচ্চমাধ্যমিকের পর ৫ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি গ্রাহ্য হবে। সেই সঙ্গে বার কাউন্সিল অব ইন্ডিয়ায় অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**জুনিয়র এক্সিকিউটিভ (অপারেশনস):** ৭৯টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ওবিসি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি। সঙ্গে ২ বছরের এমবিএ ডিগ্রি। অথবা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। প্রার্থীর অবশ্যই বৈধ লাইট মোটর ভেহিক্যল লাইসেন্স থাকতে হবে।

**জুনিয়র এক্সিকিউটিভ (সার্ভে অ্যান্ড কার্টোগ্রাফি):** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। অথবা জিওগ্রাফিতে এম এসসি। রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেমস বা জিও-ইনফর্মেটিক্স বা জিওমেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি।

**বয়স:** ৭-৯-২০২৬ তারিখে ম্যানেজার পদের ক্ষেত্রে ৩২ বছর এবং জুনিয়র এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ম্যানেজার পদের ক্ষেত্রে ৬০,০০০-১,৮০,০০০ টাকা এবং জুনিয়র এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৪০,০০০-১,৪০,০০০ টাকা। এছাড়াও ডিএ, পার্কস, এইচআরএ, পিএফ, গ্রাচ্যুইটি, মেডিক্লেম-সহ অন্যান সুবিধা পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় কোনও নেগেটিভ মার্কিং নাই। ম্যানেজার (ফায়ার সার্ভিসেস) পদের ক্ষেত্রে অতিরিক্ত দৈহিক সক্ষমতার পরীক্ষা, ড্রাইভিং টেস্ট ও দৈহিক মাপজোক যাচাই করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aai.aero প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৮ অগস্ট থেকে ৭ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির পেনে সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ২০০ ডিপিআই মোডে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি জাতিও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না। ফি জমা দেওয়ার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নিজের কাছে রেখে দেবেন। আবেদন করার পর দরখাস্তের প্রিন্ট আউট করে এক কপি নিজের কাছে রেখে দেবেন। এটি এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া'র অফিসে পাঠাতে হবে না, ভবিষ্যতে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্বনির্ভরতার সন্ধান

# ভেষজ প্রসাধনীর ব্যবসা

**প্রসাধনীতে ব্যবহৃত রাসায়নিক ত্বকের স্থায়ী ক্ষতি করে। সেজন্য বিশ্ব জুড়ে ভেষজ উপাদানে তৈরি প্রসাধনী ব্যবহারের চল দেখা যাচ্ছে। প্রবণতা আন্দাজ করে প্রথম শ্রেণির প্রসাধনী নির্মাতারাও ভেষজ উপাদান ব্যবহারের দিকে ঝুঁকছেন। ভেষজ প্রসাধনী উৎপাদন ও বিপণনের ব্যবসা আপনিও করতে পারেন। লাভ ভালোই হবে।**

**নিজস্ব প্রতিনিধি:** প্রাকৃতিক দূষণে বিপর্যস্ত দুনিয়ায় শারীরিক নানা সমস্যাকে দূরে রাখতে খাওয়াদাওয়া, পরিধান, জীবনযাত্রায় সচেতন ভাবে পরিবর্তন আনছেন মানুষজন। প্রাকৃতিক বা ভেষজ সামগ্রীকে আরও বেশি করে আঁকড়ে ধরছেন। প্রসাধনীর ক্ষেত্রেও তাই। রাসায়নিক উপাদান দিয়ে তৈরি প্রসাধনীকে খারিজ করে ভেষজ উপায়ে বা প্রাকৃতিক উপায়ে তৈরি প্রসাধনীর ব্যবহার বাড়ছে বিশ্ব জুড়ে। প্রায় সব প্রসাধনী সংস্থাই জোর দিচ্ছে ভেষজ প্রসাধনী উৎপাদন ও বিপণনের উপর।

ভেষজ প্রসাধনী তৈরি করা শিখে আপনিও নিজের ব্যবসা প্রতিষ্ঠা করার কথা ভাবতে পারেন। ভাবতে পারেন ব্র্যান্ড তৈরির কথাও। ব্যবসা শুরু করা যায় অল্প পুঁজি নিয়ে। ধীরে ধীরে বিক্রি কেমন হচ্ছে বুঝে, ব্যবসা বাড়াতে হবে এবং পুঁজি বিনিয়োগ করতে হবে। উৎপাদিত প্রসাধনীর মানের দিকে নজর দিতে হবে। মান ভালো হলে অবশ্যই ক্রেতার সংখ্যা বাড়বে।



### প্রশিক্ষণ

ভেষজ প্রসাধনী তৈরি করে ব্যবসা করার কথা ভাবলে তার আগে অবশ্যই প্রশিক্ষণ নিতে হবে। কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট ভেষজ শ্যাম্পু, বডিওয়াশ, ক্রিম, সাবান, লিপস্টিক, আইলাইনার, ফেসওয়াশ, হ্যান্ডওয়াশ, সিঁদুর ইত্যাদি প্রায় সব রকম প্রসাধনী তৈরির প্রশিক্ষণ দেয়। বেশ কয়েকটি প্রসাধনী নিয়ে এক-একটি কোর্স করানো হয়। যেমন—

১) ভেষজ শ্যাম্পু, বডিওয়াশ, স্ক্রাবার তৈরি এক সঙ্গে শেখানো হয়। স্ক্রাবার মূলত আখরোটের দানা, চারকোল ইত্যাদি মিশিয়ে বানানো হয়। শ্যাম্পুর প্রকারভেদের মধ্যে রয়েছে অ্যালোভেরা, হানি, অ্যান্টি ড্যান্ড্রাফ ইত্যাদি। বডিওয়াশের ক্ষেত্রেও এ ধরনের বৈচিত্র্য আছে।

২) ফেস ও বডি ক্রিম ও লোশন তৈরি করা এক সঙ্গে শেখানো হয়। ব্রনরোধক, মাসাজ ক্রিম ইত্যাদি প্রকারভেদ আছে।

৩) সাবান তৈরির কোর্সে নানা ধরনের সাবান ছাড়াও হ্যান্ডওয়াশ, বাসন মাজার লিকুইড সাবান, বাটি কেক সাবান, কাপড় কাচার পাউডার ও কেক সাবান বানানো শেখানো হবে।

৪) লিপস্টিক, লিপলাইনার, লিপগার্ড তৈরি।

৫) আলতা-সিঁদুর তৈরির কোর্সের অন্তর্ভুক্ত ভেষজ আবির ও লিকুইড সিঁদুর তৈরি।

৬) আইলাইনার, মাস্কারা, কাজল।

৭) লিকুইড ও কেক ফাউন্ডেশন তৈরি।

৮) চুল ডাই করার জন্য ভেষজ রং ও মেহেন্দি।

এসবের বাইরে পারফিউম, পুরুষদের জন্য শেভিং ক্রিম, আফটার শেভ লোশন ইত্যাদি তৈরির প্রশিক্ষণও দেওয়া হয়।

প্রতিটি কোর্সের মেয়াদ: ৭ থেকে ১০ দিন। প্রশিক্ষণ ফি: ৯,৮০০ টাকা।

প্রগতি-তে এই কোর্সগুলিতে ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়। শুক্রবার বাদে ছাত্র-ছাত্রীরা তাঁদের সুবিধা অনুযায়ী সপ্তাহের যে-কোনও দুটো দিনে প্রশিক্ষণ নিতে পারেন। হাতে-কলমে কাজ শেখার পরে শিক্ষার্থী কীভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কী ভাবে লাইসেন্স পাবেন এবং মার্কেটিং করবেন ইত্যাদি যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। কর্মশালায় সব উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট পাওয়া যাবে।

যোগাযোগ: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিটি রোড, বালি, হাওড়া। ফোন: (০৩৩) ২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯।

## কী শিখবেন, কোথায় শিখবেন

### হেল্‌থ ইনস্পেক্টরের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** স্যানিটারি হেল্‌থ ইনস্পেক্টর হওয়ার প্রশিক্ষণ দেবে কলকাতার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেল্‌থ। পুরসভা, হাসপাতাল, হোটেল, বিমানবন্দর, বাজার, দূষণ নিয়ন্ত্রণ পর্যদ, রেল ইত্যাদি জায়গায় বর্জ্য ব্যবস্থাপনা, বিশুদ্ধ জল, খাবারের গুণমান যাচাই ইত্যাদি নানা কাজে হেল্‌থ ইনস্পেক্টরের প্রয়োজন হয়। প্রশিক্ষণ নেওয়া থাকলে এই ধরনের কাজ পেতে সুবিধা হবে।

মেধার ভিত্তিতে, ভর্তির জন্য বাছাই করা প্রার্থীদের নামের তালিকা প্রকাশিত হবে ২১ অগস্ট। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেওয়া হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

আসনসংখ্যা: ২৫। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। **প্রশিক্ষণের মেয়াদ:** ১০ মাস। সেই সঙ্গে দু' মাসের ইন্টার্নশিপ।

**কোর্স ফি:** ১০,০০০ টাকা (সাধারণ ও ওবিসি প্রার্থীর জন্য), ৫০০০ টাকা (দৈহিক প্রতিবন্ধী, তপসিলি জাতি ও উপজাতি এবং মহিলা প্রার্থীর জন্য)।

**আবেদন করার শেষ তারিখ:** ১৫ অগস্ট।

**ক্লাস শুরু হবে:** ১ সেপ্টেম্বর।

আবেদন করার পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://aiihph.gov.in/

### যুবকদের জন্য জীবিকামুখী প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** বেকার যুবকদের স্বনির্ভর করার লক্ষ্যে হাওড়ার রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির-বেলুড় মঠ তিনটি প্রশিক্ষণের উদ্যোগ নিয়েছে। আসনসংখ্যা সীমিত, 'আগে এলে আগে ভর্তি'-র ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। কোর্স শেষে প্রার্থীদের সার্টিফিকেট দেবে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনএসডিসি)। এই কোর্সগুলি শুধুমাত্র পুরুষদের জন্য।

#### প্রশিক্ষণের খুঁটিনাটি

১) **ইলেক্ট্রিক্যাল ও হোম অ্যাপলায়েন্স:** এই কোর্সে আবেদনের জন্য অন্তত মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। কোর্সের মেয়াদ এক বছর। সপ্তাহে তিন দিন (বুধ, বৃহস্পতি ও শুক্রবার) ক্লাস হবে। ক্লাসের সময় দুপুর ১টা থেকে বিকেল ৪টে। কোর্সের খরচ ৬,০০০ টাকা।

২) **মোবাইল ফোন রিপেয়ারিং ও মেইন্টেন্যান্স:** এই কোর্সে আবেদনের জন্য অন্তত অষ্টম শ্রেণি পাশ হতে হবে। কোর্সের মেয়াদ ছ' মাস। সপ্তাহে তিন দিন (সোম, মঙ্গল ও বুধবার) ক্লাস হবে। ক্লাসের সময় সকাল ১০টা থেকে দুপুর দেড়টা।কোর্সের খরচ ৪,৫০০ টাকা।

৩) **টু অ্যান্ড থ্রি হুইলার (এম-টেকনিশিয়াম) (বাইক রিপেয়ারিং):** এই কোর্সে আবেদনের জন্য অন্তত অষ্টম শ্রেণি পাশ হতে হবে। কোর্সের মেয়াদ ছ' মাস। সপ্তাহে তিন দিন (বুধ, শুক্র ও রবিবার) ক্লাস হবে। ক্লাসের সময় সকাল ১০টা থেকে দুপুর দেড়টা। কোর্সের খরচ ৪,৫০০ টাকা।

**আবেদন করার পদ্ধতি:** রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দিরের অফিসে সরাসরি এসে ফর্ম সংগ্রহ করে ও পূরণ করে জমা দিতে হবে। ভর্তির সময় লাগবে দু' কপি পাসপোর্ট মাপের ছবি, অ্যাডমিট কার্ড, মার্কশিট ও আধার কার্ডের এক কপি করে জেরক্স। সেই সঙ্গে কোর্স ফি-ও জমা দিতে হবে। বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪-১১৪৫, ৭৪৭৮৪-৮৭৬৬৩।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### সরকারি চাকরির পরীক্ষা-প্রস্তুতি কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** নেট (ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট), সেট (স্টেট এলিজিবিলিটি টেস্ট) এবং ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস (ডব্লিউবিসিএস) পরীক্ষার্থীদের প্রস্তুতির জন্য রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় দু'টি কোর্স শুরু করতে চলেছে। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর পাশ হলে এই দু'টি কোর্সের জন্য আবেদন করা যাবে।

#### কী-কী কোর্স

১) **কোর্সের নাম:** ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস (ডব্লিউবিসিএস) উইথ কম্বাইন্ড এক্সামিনেশন।

কোর্সের সময়সীমা: ১ বছর। সপ্তাহে চার দিন ক্লাস।

কোর্স ফি: ১৮,৫০০ টাকা।

২) **কোর্সের নাম:** নেট/ সেট পেপার ১ (কলা ও বাণিজ্য)।

কোর্সের সময়সীমা: ৪ মাস। শনি ও রবিবার ক্লাস হবে।

কোর্স ফি: ৬,০০০ টাকা।

**আবেদনের ফি:** ১০০ টাকা।

**আবেদন করার পদ্ধতি:** 'আগে এলে আগে ভর্তি' নীতিতে ভর্তি নেওয়া হবে। আবেদনপত্র ডাউনলোড করে নেবেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট থেকে: www.rbu.ac.in পূরণ করা আবেদনপত্র সরাসরি এসে জমা দিতে হবে বিশ্ববিদ্যালয়ে, বুধবার বাদে যে-কোনও কাজের দিন দুপুর সাড়ে বারোটা থেকে বিকেল সাড়ে পাঁচটার মধ্যে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### এনএসওইউ-তে অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে (এনএসওইউ) জুলাই পর্বের জন্য অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নেওয়া শুরু হয়েছে। পড়ুয়াদের স্টাডি মেটিরিয়াল দেওয়া হবে এবং রাজ্যের বিভিন্ন জেলায় লার্নার সাপোর্ট সেন্টারে কিছু সময়ের জন্য ক্লাস হবে। আগ্রহী ছাত্র-ছাত্রীদের পাশাপাশি কর্মরতরাও আবেদন করতে পারেন।

**বিষয়:** ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং, পাবলিক রিলেশনস অ্যান্ড অ্যাডভার্টাইজিং, জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন।

**কোর্স ফি:** ৪,৩৫০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক।

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন:** ৩১ অগস্ট।

আবেদন করার পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এনএসওইউ-এর এই ওয়েবসাইট: https://www.wbnsou.ac.in/

### এনএসওইউ-তে একাধিক বিষয়ে স্নাতক স্তরে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে (এনএসওইউ) ২০২৬-২৭ শিক্ষাবর্ষের (জুলাই ২০২৬ সেশন) জন্য বিভিন্ন বিষয়ে স্নাতক স্তরে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ন্যাশনাল এডুকেশন পলিসি (এনইপি), ২০২০ মেনে চার বছরের স্নাতক স্তরে ভর্তি নেওয়া হবে।

**বিষয়:** ইংরেজি, বাংলা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিদ্যা, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, গণিত, ভূগোল, প্রাণীবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিদ্যা, এডুকেশন, অর্থনীতি এবং বাণিজ্য।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ।

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন:** ৩১ অগস্ট।

আবেদন করার পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এনএসওইউ-এর এই ওয়েবসাইট: https://www.wbnsou.ac.in/

### স্পেশ্যাল এডুকেশনের বি এড কোর্স

স্পেশ্যাল এডুকেশন (মাল্টিপল ডিজেবিলিটিজ)-এর বি এড কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সেরিব্রাল পালসি। কোর্সটি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সটি রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত।

আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেই সঙ্গে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সায়েন্স বা সোশ্যাল সায়েন্স বা হিউম্যানিটিজে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সায়েন্স ও ম্যাথমেটিক্সে স্পেশ্যালাইজেশন-সহ বি ই বা বি টেক।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

ইন্টারভিউ ২২ সেপ্টেম্বর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.iicpindia.org

আবেদনের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 128401000055 (Account Holder: INDIAN INSTITUTE OF CEREBRAL PALSY, Bank Name: ICICI BANK LIMITED, Branch: TARATALA, A/C Type: Savings Account, IFSC Code: ICIC0001286).

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২১ সেপ্টেম্বরের মধ্যে সরাসরি বা ডাকের মাধ্যমে জমা দিতে হবে এই ঠিকানায়: Indian Institute of Cerebral Palsy, P-35/1, Taratola Road, Kolkata - 700 088. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই দুই ওয়েবসাইট: https://jadavpuruniversity.in, www.iicpindia.org

### বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আইনের স্নাতক কোর্স

বি এ এল এল বি (অনার্স) কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ৫ বছর। বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেল্ফ-ফিনান্সড কোর্সটি অ্যামেক্স ল কলেজ ও বেঙ্গল ল কলেজে পড়ানো হবে।

আসনসংখ্যার বিবরণ: বেঙ্গল ল কলেজ: ৬০টি, অ্যামেক্স ল কলেজ: ৬০টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪২ শতাংশ) নম্বর-সহ উচ্চ মাধ্যমিক পাশ।

বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় ইংরেজি (৫০ নম্বর) এবং জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স (৫০ নম্বর) বিষয়ে প্রশ্ন হবে। পরীক্ষা হবে ১৪ অগস্ট, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গোলাপবাগ ক্যাম্পাসে।

অনলাইনে আবেদন করতে হবে এই লিংকের মাধ্যমে: https://forms.gle/tGCWwNET2xUrq4fa7 আবেদনের শেষ তারিখ ৫ অগস্ট।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 10212631227 (Bank Name: State Bank of India, B.U. Branch, IFS Code: SBIN0002033).

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্র এবং ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.buruniv.ac.in

# গেট-২০২৭

*প্রথম পাতার পর*

আর্থিক সহায়তা পেয়ে স্নাতকোত্তর কোর্সে ভর্তি হওয়ার সুযোগ রয়েছে। বৈধ 'গেট' স্কোর থাকলে বিভিন্ন সংস্থায় চাকরির জন্যও আবেদন করা যায়। গেট স্কোর কার্ড ৩ বছরের জন্য বৈধ থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা আর্কিটেকচার বা সায়েন্স বা কমার্স বা আর্টস বা হিউম্যানিটিজের যে-কোনও শাখায় তৃতীয় বর্ষ বা উচ্চতর বর্ষে পাঠরতরা আবেদনের যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

২০২৭-এর 'গেট' পরীক্ষা দেওয়া যাবে এই সব পত্রে (ব্র্যাকেটে কোড): অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং (এ ই), এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং (এ জি), আর্কিটেকচার অ্যান্ড প্ল্যানিং (এ আর), বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং (বি এম) , বায়োটেকনোলজি (বি টি), সিভিল ইঞ্জিনিয়ারিং (সি ই), কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (সি এইচ), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (সি এস), কেমিস্ট্রি (সি ওয়াই), ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (ডি এ), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই সি), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ই ই), এনভায়রমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ই এস), ইকোলজি অ্যান্ড ইভোলিউশন (ই ওয়াই), জিওমেটিক্স ইঞ্জিনিয়ারিং (জি ই), জিওলজি অ্যান্ড জিওফিজিক্স (জি জি), ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (আই এন), ম্যাথমেটিক্স (এম এ), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম ই), মাইনিং ইঞ্জিনিয়ারিং (এম এন), মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম টি), ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং (এন এম), পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং (পি ই), ফিজিক্স (পি এইচ), প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং (পি আই), স্ট্যাটিস্টিক্স (এস টি), ইঞ্জিনিয়ারিং সায়েন্সেস (এক্স ই), হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (এক্স এইচ), লাইফ সায়েন্সেস (এক্স এল), রোবোটিক্স অ্যান্ড অটোমেশন (আর এ)। রোবোটিক্স অ্যান্ড অটোমেশন পত্রটি এ বছর গেট পরীক্ষায় নতুন অন্তর্ভুক্ত হয়েছে।

কম্পিউটার-ভিত্তিক গেট ২০২৭ পরীক্ষা হবে দু'টি সেশনে— ফোরনুন (সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা) এবং আফটারনুন (দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা)। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল— কলকাতা, বাঁকুড়া, বহরমপুর, হুগলি, হাওড়া খড়্গপুর-মেদিনীপুর, কোলাঘাট, সিউড়ি। প্রশ্নপত্র হবে মাল্টিপল চয়েস, মাল্টিপল সিলেক্ট এবং নিউমেরিক্যাল আনসার ধরনের। পরীক্ষায় মোট ৬৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড ও সংশ্লিষ্ট বিষয়ে। মোট ১০০ নম্বরের পরীক্ষা। নেগেটিভ মার্কিং আছে। প্রার্থী ইচ্ছা করলে দু'টি পত্রের পরীক্ষাও একই সঙ্গে দিতে পারেন। সে ক্ষেত্রে পৃথক আবেদনের প্রয়োজন নেই। তবে দু'টি পত্রের জন্য নির্ধারিত ফি দিতে হবে। পরীক্ষার ফল প্রকাশিত হবে ১৯ মার্চ।

পরীক্ষায় বসার জন্য আবেদনের ক্ষেত্রে বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://gate2027.iitm.ac.in অনলাইন আবেদন করা যাবে ১৪ অগস্ট থেকে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। লেট ফি-সহ আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর ফটো, সই, সচিত্র পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট ও ডিসলেক্সিক সার্টিফিকেট সহ আরও অন্যান প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

পরীক্ষার ফি ২,০০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। লেট ফি ৫০০ টাকা। অনলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়া যাবে।

পেপার কম্বিনেশন সহ খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আই বি পি এস-এর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কয়েক হাজার ক্লার্ক

*প্রথম পাতার পর*

এর পাশাপাশি কম্পিউটার অপারেশনস বা কম্পিউটার ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হয় অথবা স্কুল বা কলেজে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হয়।

প্রার্থী যে-কোনও একটি রাজ্যের জন্য নির্দিষ্ট শূণ্যপদে আবেদন করতে পারেন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষায় কথা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে।

বয়স: ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পেয়ে থাকেন।

পরীক্ষার ধরনধারণ: অনলাইন পরীক্ষা নেওয়া হয় দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হয় এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, নিউমেরিক্যাল এবিলিটি, রিজনিং এবিলিটি। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হয় এইসব বিষয়ে: রিজনিং এবিলিটি, জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, জেনারেল ইংলিশ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

মনে রাখবেন, দরখাস্ত করার আগে নিজের ফটো (২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হয়।

এই সংখ্যার 'কর্মক্ষেত্র' ছাপতে যাওয়া পর্যন্ত এই নিয়োগ-সংক্রান্ত তথ্য প্রকাশিত হয়নি। প্রার্থীদের আগাম প্রস্তুতির সুবিধার্থে এই খবর জানানো হল। পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা 'কর্মক্ষেত্র'-য় জানানো হবে। বিশদ তথ্য জানতে আগ্রহীরা এই ওয়েবসাইট দেখতে পারেন: www.ibps.in

# আইআইটি ধানবাদে অধ্যাপক

*প্রথম পাতার পর*

অ্যাপ্লায়েড জিওফিজিক্স, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি অ্যান্ড কেমিক্যাল বায়োলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ফুয়েল, মিনারেলস অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস, ম্যানেজমেন্ট স্টাডিজ অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মাইনিং ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, ফিজিক্স।

**শূন্যপদের বিন্যাস: অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অ্যাসোসিয়েট প্রফেসর/প্রফেসর:** ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**মূল বেতন:** অ্যাসিস্ট্যান্ট প্রফেসর গ্রেড ওয়ানের ক্ষেত্রে ১,০১,৫০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর গ্রেড টু-র ক্ষেত্রে ৭০,৯০০ টাকা। অ্যাসোসিয়েট প্রফেসরের ক্ষেত্রে ১,৩৯,৬০০ টাকা, প্রফেসরের ক্ষেত্রে ১,৫৯,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://fr.iitism.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৩১ অগস্ট এবং অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসর পদের ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন: ০৩২৬-২২৩-৫২০৪/৫২৬৮।

# এনএমডিসি স্টিলে ১০০ এক্সিকিউটিভ ট্রেনি

*প্রথম পাতার পর*

শূন্যপদের বিবরণ: **মেকানিক্যাল:** ৫১টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

**ইলেক্ট্রিক্যাল:** ২২টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

**ফিনান্স:** ৭টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক-সহ সি এ বা আই সি ডব্লু এ পাশ অথবা ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট, সঙ্গে ফিনান্সে এমবিএ পাশ।

**কেমিক্যাল:** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

**কম্পিউটার ও ইনফর্মেশন টেকনোলজি:** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন সায়েন্সে বি ই বা বি টেক পাশ। অথবা এমসিএ। কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং বা কম্পিউটার ম্যানেজমেন্ট বা সিস্টেমস ম্যানেজমেন্টে ২ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ।

**সেরামিক:** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সেরামিক ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

**সিভিল:** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

**হিউম্যান রিসোর্সেস:** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে সোশিওলজি বা সোশ্যাল ওয়ার্ক বা লেবার ওয়েলফেয়ার বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস অ্যান্ড পার্সোনেল ম্যানেজমেন্ট বা হিউম্যান রিসোর্স বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট বা হিউম্যান রিসোর্স বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে এম বি এ কোর্স পাশ।

**মেটালার্জি:** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি।

সবক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১১-৮-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের এবং দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**ট্রেনিং চলাকালীন বেতন:** প্রতি মাসে ৫০,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.nsltd.in আবেদনের শেষ তারিখ ১১ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধী, আর্থিকভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। এসবিআই-কালেক্টের সাহায্যে ইউ পি আই বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে। সাবমিট করা আবেদনপত্রের এককপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আরও খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নর্থ-ইস্ট ফ্রন্টিয়ার রেলে দক্ষ খেলোয়াড়

৫৬ জন দক্ষ খেলোয়াড় নেবে নর্থ-ইস্ট ফ্রন্টিয়ার রেল। নিয়োগ করা হবে লেভেল-১ এবং লেভেল-২/৩ ক্যাটেগরিতে। পুরুষ এবং মহিলা উভয়েই আবেদনের যোগ্য। তফসিলি জাতি ও উপজাতি, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীরা সংরক্ষণ-সংক্রান্ত কোনও সুবিধা পাবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2026.

শূন্যপদের বিন্যাস: **লেভেল-২/৩:** ২১টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: তিরন্দাজি, অ্যাথলেটিক্স, বাস্কেটবল, ব্যাডমিন্টন, বক্সিং, ক্রিকেট, টেবল টেনিস, ভলিবল, ওয়েট লিফটিং।

**লেভেল-১:** ৩৫টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: তিরন্দাজি, অ্যাথলেটিক্স, বাস্কেটবল, ব্যাডমিন্টন, বক্সিং, ক্রিকেট, ফুটবল, গল্ফ, কবাডি, পাওয়ার লিফটিং, ভলিবল ও ওয়েট লিফটিং।

**শিক্ষাগত যোগ্যতা:** লেভেল-২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমতুল। লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে মাধ্যমিক বা আইটিআই বা এনসিভিটি স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

**খেলাধুলার যোগ্যতা:** লেভেল-২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার যে কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েলথ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, চ্যাম্পিয়ন্স ট্রফি (হকি), ডেভিস কাপ (টেনিস), থমাস বা উবের কাপ (ব্যাডমিন্টন)। অথবা, এই সব প্রতিযোগিতার যেকোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ। অথবা, সিনিয়র ক্যাটেগরির ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে প্রথম স্থান অধিকার করে থাকতে হবে।

লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার যেকোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ, এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস। অথবা, ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে (সিনিয়র) তৃতীয় স্থান। অথবা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (ম্যারাথন ও ক্রস কান্ট্রি ছাড়া) অষ্টম স্থান অর্জন করে থাকতে হবে।

১-৪-২০২৪ তারিখ ও তার পরে অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকলে তবেই আবেদন করবেন।

**বয়স:** ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে কোনও ছাড় নেই।

**বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে লেভেল অনুসারে গ্রেড পে।

প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে খেলাধুলা ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nfr.indianrailways.gov.in প্রার্থীর চালু মোবাইল নম্বর ও ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ২৪ অগস্ট। অনলাইন দরখাস্তের সময় জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর সাম্প্রতিককালের রঙিন পাসপোর্ট মাপের ফটো (৩০-৭০ কেবি সাইজের মধ্যে), সই (২০-৫০ কেবি সাইজের মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতা-সংক্রান্ত নথিপত্র ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রাক্তন সমরকর্মী, সংখ্যালঘু প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ট্রায়ালে অংশ নিলে আংশিক ফি ফেরত পাওয়া যাবে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

আরও যেকোনও খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত ডায়নামিক্সে ১৪৭ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট বা ডিপ্লোমা পাশ। প্রার্থীকে অবশ্যই ২০২২ বা তার পরে নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েট প্রার্থীদের ক্ষেত্রে প্রতিমাসে ১২,৩০০ টাকা ও ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে প্রতিমাসে ১০,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in রেজিস্ট্রেশনের পর এনরোলমেন্ট আই ডি পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। এরপর প্রয়োজনীয় নথিপত্র-সহ প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ই-মেল করতে হবে এই ঠিকানায়: hrkbu-app@bdl-india.in আবেদনের শেষ তারিখ ৬ অগস্ট।

আরও খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://bdl-india.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৪০-২৪৫৮৭৯১৭।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# চারা তৈরির নতুন কৌশল প্রোট্রে



**মাটিতে বসানোর আগে গাছের চারা তৈরি করার কাজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকাল এই কাজে ব্যবহৃত হচ্ছে নয়া পদ্ধতি, প্রোট্রে। মাটি লাগে না, প্লাস্টিকের বিশেষ আধারে বীজ বপনের মাধ্যম তৈরি করে নিতে হয়। জায়গাও খুব বেশি লাগে না। এই পদ্ধতিতে চারা তৈরি করে বিক্রি খুবই লাভজনক হতে পারে। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**


চাষের ক্ষেত্রে সঠিক সময়ে ফসলের চারা উৎপাদন ও তার ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। বাণিজ্যিক ভাবে চারা উৎপাদন এবং বিক্রিও এখন এক লাভজনক কৃষি-উদ্যোগ। এই প্রেক্ষিতে, অল্প জায়গায় এক সঙ্গে অনেক পরিমাণে ফসলের চারা অতি দ্রুত তৈরির জন্য প্রোট্রের (প্লাগট্রে) ব্যবহার করা হচ্ছে। এ এক যুগান্তকারী উদ্ভাবনী কৌশল। বিভিন্ন বেসরকারি সংস্থাও প্রোট্রেতে চারা উৎপাদন এবং বিক্রি শুরু করে দিয়েছে। এই পদ্ধতিতে চারা তৈরির কাজে গ্রামীণ মহিলারা এগিয়ে এলে আর্থিক ভাবে স্বনির্ভর হওয়ার উজ্জ্বল সম্ভাবনা রয়েছে।

নানান মাপের নানা সংখ্যক ছিদ্রযুক্ত প্লাস্টিকের তৈরি প্রোট্রে বাজারে পাওয়া যায়। ১০৪টি ছিদ্রযুক্ত প্রোট্রের ব্যবহার এবং বিক্রি বেশি। নার্সারি ও কৃষি-উপকরণের দোকানে এগুলি পাবেন। এ ছাড়াও অনলাইন অর্ডার করতে পারেন। বাজারে এই ট্রে-র দাম ১৫০ টাকা থেকে ৫০০ টাকা।

ফল, ফুল এবং সবজির বীজ থেকে সরাসরি চারা তৈরির জন্য প্রোট্রেগুলি ব্যবহার করা হয়। ফলের মধ্যে পেঁপের চারা তৈরির জন্য প্রোট্রে খুবই কার্যকরী। সবজির মধ্যে লঙ্কা, টম্যাটো, বেগুন, ক্যাপসিকাম, ফুলকপি, বাঁধাকপির চারা তৈরি করা যেতে পারে। ফুলের মধ্যে গাঁদা, জিনিয়া, দোপাটি, স্যালভিয়া, কসমস, পিটুনিয়া, কার্নেশন, স্ন্যাপড্রাগন ও ডায়ানথাসের চারা তৈরি করা যায়।

বহু ছিদ্রযুক্ত প্রোট্রেতে চারা তৈরির জন্য মাটি ব্যবহার করা হয় না। মাটিবিহীন সম্পূর্ণ ভাবে শোধন করা মাধ্যমে বীজ বসানো হয়। এই মাধ্যম তৈরি এক অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। চারা তৈরির মাধ্যম তৈরি করতে হয় কোকোপিট, ভার্মিকুলাইট এবং পারলাইট ৩:১:১ অনুপাতে সঠিক ভাবে মিশিয়ে। শোধন করে নেওয়া জীবাণুমুক্ত মাধ্যম হতে হবে। মাধ্যমের জলধারণ ও বাতাস চলাচলের ক্ষমতা থাকতে হবে এবং যথেষ্ট পরিমাণে খাদ্য উপাদানে সমৃদ্ধ হতে হবে, যাতে বীজের অঙ্কুরোদ্গম এবং চারার বৃদ্ধির কাজটি সাবলীল হতে পারে।

এই ভাবে তৈরি করে নেওয়া জীবাণুমুক্ত মাধ্যম দিয়ে প্রোট্রের ছিদ্রগুলি বীজ বপনের পূর্বে ভরাট করে নিতে হবে। তারপর পূর্বে শোধন করে নেওয়া বীজ, প্রোট্রের ছিদ্র প্রতি একটি করে বপন করতে হবে। বীজ বপনের পরই



ঝারির সাহায্যে জল দিয়ে বীজ সমেত মাধ্যম ভিজিয়ে দিতে হবে, কিন্তু কোনওমতেই অতিরিক্ত জল দেওয়া যাবে না।

যথাযথ আলো ও তাপমাত্রা বীজের সঠিক অঙ্কুরোদ্গম এবং চারার সন্তোষজনক বৃদ্ধি ও পরিস্ফুরণের জন্য একান্ত আবশ্যক। সরাসরি সূর্যের আলোয় প্রোট্রেগুলি রাখা যাবে না। কারণ, রোদের তাপে চারাগুলি ঝলসে বা পুড়ে যেতে পারে। সরাসরি সূর্যের আলো আসে না এমন ছায়াযুক্ত জায়গায় প্রোট্রেগুলি রাখতে হবে।

বীজ বপন ও জল প্রয়োগের পর প্রোট্রেগুলি কালো রংয়ের পলিথিন চাদরের সাহায্যে ঢেকে দিতে হবে। এর ফলে বীজগুলি অঙ্কুরোদ্গমের জন্য প্রয়োজনীয় তাপমাত্রা ও আর্দ্রতা পাবে। একটা প্রোট্রের উপরে আর-একটি, তার উপর আর-একটি— এই ভাবে প্রোট্রেগুলি রাখা যেতে পারে। এর ফলে অল্প জায়গার সুষ্ঠ ব্যবহার করা যাবে। ৩-৬ দিন পর পলিথিনের চাদর খুলে দিতে হবে।

স্বাস্থ্যকর চারা পেতে হলে খাবার প্রয়োগ করা একান্ত ভাবে দরকার। কারণ, দুর্বল চারা কখনওই মূল জমিতে রোপণের পর লড়াই করে টিঁকে থাকতে পারবে না। চারার সন্তোষজনক বৃদ্ধির জন্য নিয়মিত সময়ের ব্যবধানে জল প্রয়োগ করতে হবে, আবহাওয়ার অবস্থা বুঝে। বীজ বসানোর ১২ দিন পর প্রথম বার এবং ২০ দিন পর দ্বিতীয় বার চারাগাছগুলির বৃদ্ধির জন্য এনপিকে ১৯:১৯:১৯ মিশ্রণ প্রতি লিটার জলে ৩ গ্রাম হিসেবে মিশিয়ে স্প্রে করতে হবে।

ছায়াযুক্ত নিরাপদ জায়গা থেকে চারাগুলি পর্যায়ক্রমে সকালের সূর্যালোকে রাখতে হবে। রোদে থাকবার ফলে চারাগুলি শক্ত ও কষ্টসহিষ্ণু হবে এবং পরবর্তী সময় চাষের জমির পরিবেশে ভালো ভাবে মানিয়ে নিতে পারবে।

চারাগুলি ২-৪টি পাতাযুক্ত অবস্থায় ৩-৪ সপ্তাহ বয়সের হলেই বুঝতে হবে মূল চাষের জমিতে রোপণের জন্য উপযোগী হয়েছে। সন্ধ্যার সময় চারা রোপণের সবচেয়ে উপযুক্ত সময়। সূর্যালোকে চারা রোপণ করা উচিত নয়।

প্রোট্রে ব্যবহার করে চারা তৈরির বেশ কয়েকটি সুবিধা রয়েছে। এগুলি হল–

➤ অল্প পরিমাণ জায়গা ব্যবহার করে প্রচুর সংখ্যক চারা তৈরি করা যায়।
➤ চারা তৈরিতে তুলনামূলক ভাবে অনেক কম পরিমাণ জল দরকার হয়।
➤ এই পদ্ধতিতে তৈরি চারার শিকড়গুলি অধিকতর শক্তিশালী হওয়ায় মূল জমিতে সহজেই লেগে যায় এবং শিকড়ের কোনও ক্ষতি হয় না।
➤ প্রোট্রের ব্যবহার করে কৃষক সম উচ্চতা ও বয়সের চারা তৈরি করতে পারেন।
➤ এই পদ্ধতিতে বীজের অপচয় অনেক কম হয়।
➤ চারা তৈরির সময় ঝড়, বৃষ্টিপাত এবং তুষারপাতের মতো প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে চারাগুলিকে বাঁচাতে খুব সহজেই প্রোট্রেগুলি অন্য জায়গায় সরিয়ে নেওয়া সম্ভব হয়।
➤ এই পদ্ধতিতে তৈরি চারার মাধ্যমে চাষ করলে ফসলের উপাদনশীলতা বৃদ্ধি পায়।
➤ এই পদ্ধতিতে তৈরি চারা ব্যবহার করলে ফসলে রোগ ও পোকার আক্রমণ কম হয়।

# সর্দার বল্লভভাই পটেল বিশ্ববিদ্যালয়ে শিক্ষাকর্মী

ড্রাইভার, ফার্ম ম্যানেজার, প্রোগ্রাম-অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার পদে ৬২ জনকে নেবে উত্তরপ্রদেশের সর্দার বল্লভভাই পটেল ইউনিভার্সিটি অব এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি। নিয়োগ করা হবে কৃষি বিজ্ঞান কেন্দ্রে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IX/2026.

শূন্যপদের বিবরণ: ফার্ম ম্যানেজার: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার বা এগ্রিকালচার-সম্পর্কিত যে-কোনও সায়েন্স বা সোশ্যাল সায়েন্স বিষয়ক শাখায় স্নাতক ডিগ্রি। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট (কম্পিউটার):** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা সমতুল বিষয়ে স্নাতক ডিগ্রি। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট (ল্যাব টেকনিশিয়ান):** ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার বা এগ্রিকালচার-সম্পর্কিত যে-কোনও সায়েন্স বা সোশ্যাল সায়েন্স বিষয়ক শাখায় স্নাতক ডিগ্রি। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। পাশাপাশি, ১০ মিনিট ধরে ৮০টি শব্দের গতিতে ইংরেজি বা হিন্দিতে নেওয়া ডিক্টেশন টেস্ট। পাশাপাশি কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে নির্ধারিত প্যারাগ্রাফ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

ড্রাইভার: ২৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। পাশাপাশি, বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের আইটিআই সার্টিফিকেট, বা ড্রাইভিংয়ের অভিজ্ঞতা বা মোটর মেকানিকের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

**বয়স:** নির্দিষ্ট তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitmentsvpuat.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ অগস্ট পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নির্ধারিত ঠিকানায় পাঠাতে হবে। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'The post applied for ............... Advt. No. ................. SI. No. ................' শূন্যস্থান যথাযথভাবে পূরণ করবেন।

প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট ১৭ অগস্টের মধ্যে রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Administration & Monitoring, SVP University of Agriculture & Technology, Meerut-250110 (U.P).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.svpuat.edu.in

# স্কলারশিপের খোঁজখবর

## কোটাক কন্যা স্কলারশিপ ২০২৫-২৬

ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আর্কিটেকচার, ডিজাইনিং, ইন্টিগ্রেটেড ল-সহ অন্যান্য পেশাদারি বিষয়ের কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ও আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ।

স্কলারশিপের পরিমাণ: বছর প্রতি সর্বাধিক দেড় লাখ টাকা। স্কলারশিপ শর্তসাপেক্ষে প্রতি বছর নবীকরণ করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KKGS5 আবেদনের শেষ তারিখ ২০ অগস্ট।

## স্ক্যাফলার ইন্ডিয়া হোপ ইঞ্জিনিয়ারিং

ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে স্ক্যাফলার ইন্ডিয়া। বিষয়গুলি হল: অটোমোবাইল, মেকানিক্যাল, মেকাট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, প্রোডাকশন, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ও ইনফর্মেশন টেকনোলজি। প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার।

আবেদনের যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

স্কলারশিপের পরিমাণ ৫০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/SIHE17 আবেদনের শেষ তারিখ ১৫ অগস্ট।

## উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক ট্রান্সজেন্ডার স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর কোর্সে পাঠরত ট্রান্সজেন্ডার ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড।

আবেদনের যোগ্যতা: দশম বা দ্বাদশ শ্রেণিতে মোট অন্তত ৩৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখ টাকার নীচে।

স্কলারশিপের পরিমাণ: এককালীন সর্বাধিক ৪০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/USFB2 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

## রমনকান্ত মুঞ্জল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

বি বি এ, বি এফ আই এ, বি কম, বি এম এস, আই পি এম, বি এ (ইকনমিক্স), বি বি এস বা অন্য যে কোনও অর্থনীতি-সংক্রান্ত স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রমনকান্ত মুঞ্জল ফাউন্ডেশন।

আবেদনের যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৮০ শতাংশ (প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

স্কলারশিপের পরিমাণ: বছর প্রতি ৪০,০০০-৫,৫০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ৩ বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/RKMSP6 আবেদন করা যাবে ৩১ অগস্ট পর্যন্ত।

## ভারতী এয়ারটেল স্কলারশিপ ২০২৬-২৭

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকম, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ডেটা সায়েন্স, এরোস্পেস, ইন্টারনেট অব থিংস, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, এ আর ভি আর, রোবোটিক্স-এর মধ্যে যে-কোনও একটি শাখায় আন্ডারগ্র্যাজুয়েট বা ৫ বছরের ইন্টিগ্রেটেড কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ভারতী এয়ারটেল। এন আই আর এফ র‍্যাঙ্কিং অনুসারে দেশের প্রথম ৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে যে-কোনও একটিতে প্রার্থীকে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৮ লাখ টাকার নীচে।

স্কলারশিপ বাবদ কোর্স ফি, হস্টেল ও মেস খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা। এছাড়াও ছাত্রছাত্রীদের ল্যাপটপ দেওয়া হবে।

অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/BHRSP3 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

## ইস্টম্যান পাওয়ারআপ এডু স্কিল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, সেলস ও মার্কেটিং শাখায় বি টেক, এম টেক, এম বি এ, পলিটেকনিক ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট কোর্সে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইস্টম্যান অটো অ্যান্ড পাওয়ার লিমিটেড। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: স্নাতক কোর্সের ক্ষেত্রে তৃতীয় বা চতুর্থ বর্ষ অথবা স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে দ্বিতীয় বর্ষ অথবা পলিটেকনিক কোর্সের ক্ষেত্রে তৃতীয় বর্ষে পাঠরতরা আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর করে পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/EPSP2 আবেদন করা যাবে ৩১ জুলাই পর্যন্ত।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১২ জুলাই-১৯ জুলাই

**১২ জুলাই** নতুন ভোটারদের নাম তুলতে নতুন শর্ত জুড়ল নির্বাচন কমিশন। প্রথমবার ভোটদাতা বা নতুন করে ভোটার তালিকায় নাম তুলতে ইচ্ছুকদের ফর্ম ৬-এ এই নতুন শর্ত জুড়েছে কমিশন। তাতে বলা হয়েছে, নাম তোলার আবেদনে আবেদনকারীকে জানাতে হবে তাঁর বাবা-মায়ের নাম সর্বশেষ বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর)-এর পরে ভোটার তালিকায় রয়েছে কিনা। তবে এই শর্ত যাঁরা অনলাইনে আবেদন করবেন, তাঁদের জন্যই প্রযোজ্য হবে। ফলে যেসব ব্যক্তির নাম এসআইআরে বাদ গিয়েছে, ট্রাইবুন্যালে অপেক্ষারত তাঁদের সন্তানেরা যদি অনলাইন প্রক্রিয়ায় নাম তুলতে চান, সেক্ষেত্রে তাঁদের কী হবে সে প্রশ্ন উঠেছে।

## ফের হরমুজ বন্ধের ঘোষণা ইরানের



১২ জুলাই: সংঘাত বন্ধ না হওয়ায় পশ্চিম এশিয়ার জটিল পরিস্থিতিতে ফের হরমুজ বন্ধের ঘোষণা করল ইরান। এর আগের কয়েকদিন ধরেই ইরানের বিভিন্ন প্রান্তে ক্ষেপণাস্ত্র হামলার মাত্রা বাড়িয়েছিল মার্কিন সেনাবাহিনী। ইরানের রেভোলিউশনারি গার্ড কোর (আইআরজিসি) এক বিবৃতিতে জানিয়েছে, আমেরিকা ওই এলাকায় নিজেদের হস্তক্ষেপ বন্ধ না করলে, পরবর্তী বিজ্ঞপ্তি পর্যন্ত হরমুজ বন্ধই থাকবে। উল্লেখ্য, সাইপ্রাসের পতাকাবাহী এম ভি জিএফএক্স গ্যালাক্সি নামে একটি বাণিজ্যিক জাহাজে সম্প্রতি হামলা চালায় ইরানের নৌবাহিনী। ১০ জন ভারতীয়-সহ জাহাজের বাকি কর্মীরা লাইফ বোটে করে পালাতে সক্ষম হলেও এক ভারতীয় নাবিক নিখোঁজ হন। ঘটনার তীব্র নিন্দা করেছে ভারত। ওমানে অবস্থিত ভারতীয় দূতাবাস পরিস্থিতির দিকে নজর রাখছে বলে জানানো হয়েছে।

বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে সুইৎজারল্যান্ডকে ৩-১ গোলে হারিয়ে সেমিফাইনালে উঠল আর্জেন্টিনা। খেলার ১০ মিনিটেই অ্যালেক্সিস ম্যাক আলিস্টারের গোলে এগিয়ে যায় আর্জেন্টিনা। ৬৭ মিনিটে সুইসদের ড্যান এনডোয়ে ১-১ সমতা ফেরান। খেলা গড়ায় অতিরিক্ত সময়ে। এক্সট্রা টাইমের ১১২ মিনিটে জুলিয়ান আলভারেজ এবং একবারে শেষ বাঁশি বাজার আগে লাউতারো মার্টিনেজ দু'টি গোল করেন। এদিনের অপর কোয়ার্টার ফাইনালে ইংল্যান্ডের কাছে ২-১ ফলে হেরে বিদায় নিল নরওয়ে। ইংল্যান্ডের জুড বেলিংহাম দু'টি গোল করেন। নরওয়ের একমাত্র গোলটি করেন আন্দ্রেয়াস শেলদেরুপ।



“... যন্তর মন্তরে যে পরিস্থিতি তৈরি হয়েছিল, তা থেকে রাষ্ট্রবিরোধী শক্তি যাতে লাভের ফসল না তুলতে পারে, দেশের ঐক্য যাতে বজায় থাকে, পড়ুয়ারা যাতে আইনি জটিলতায় জড়িয়ে না পড়েন, আমাদের সন্তানেরা তাঁদের সময় যেন পড়াশোনায় খরচ করেন, নিজেদের কেরিয়ার গঠনে মনোযোগ দেন— সেই বিষয়টি মাথায় রেখেই আমি আমার ইস্তফাপত্র প্রধানমন্ত্রীর কাছে পাঠিয়েছি।”

**ধর্মেন্দ্র প্রধান**, *ভারতের বিদায়ী শিক্ষামন্ত্রী*

নিটের প্রশ্ন ফাঁস ও শিক্ষায় দুর্নীতির প্রতিবাদে ককরোচ জনতা পার্টি (সিজেপি)-র আন্দোলনের চাপে পদত্যাগে বাধ্য হয়ে

**১৩ জুলাই** ইউক্রেনে পরমাণু হামলা করা থেকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে বিরত করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, এমনই দাবি করলেন পোল্যান্ডের বিদেশ প্রতিমন্ত্রী ভ্লাদিস্লাভ তেওফিল বার্তোশেভস্কি। নয়াদিল্লিতে আয়োজিত ভারত-পোল্যান্ড যৌথ অর্থনৈতিক কমিশনের বৈঠকের পর তিনি জানান, ভারতের প্রধানমন্ত্রী বিশ্বের সেই কয়েকজন রাষ্ট্রপ্রধানের মধ্যে একজন, যাঁর পরামর্শকে পুতিন গুরুত্ব দেন। কারণ, অতীতে সোভিয়েত ইউনিয়নের সময় থেকেই দিল্লি এবং মস্কোর কৌশলগত বোঝাপড়া আছে।

## প্রয়াত স্যাম নিল



১৩ জুলাই: 'জুরাসিক পার্ক'-খ্যাত হলিউড অভিনেতা স্যাম নিল (৭৮) প্রয়াত হলেন। পাঁচ দশকের দীর্ঘ ও বৈচিত্রময় কর্মজীবনে বহু চলচ্চিত্র ও টেলিভিশন সিরিজে অভিনয় করেছেন স্যাম। তার মধ্যে রয়েছে অস্কারজয়ী চলচ্চিত্র 'দ্য পিয়ানো'। শন কনারি, অ্যালেক বল্ডউইনের সঙ্গে কাজ করেছেন 'দ্য হান্ট ফর রেড অক্টোবর' ছবিতে। 'পিকি ব্লাইন্ডার্স' সিরিজেও প্রশংসিত হন স্যাম। তবে স্টিভেন স্পিলবার্গের 'জুরাসিক পার্ক' সিনেমায় ড. অ্যালান গ্রান্ট-এর চরিত্রে তিনি সবচেয়ে বেশি জনপ্রিয়তা পান।

**পশ্চিমবঙ্গে রথের কমিটিগুলিকে** অনুদান দেওয়ার কথা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এর আগের সরকার দুর্গাপুজোর কমিটিগুলিকে অনুদান দিত। নতুন সরকার রথযাত্রা উপলক্ষে বাছাই করা ৬০টি রথযাত্রা কমিটিকে ৫ লক্ষ টাকা করে সরকারি সহায়তা দেওয়ার কথা ঘোষণা করল। উপরন্তু, শ্রাবণ মাসে হেঁটে যেসব পুণ্যার্থী তারকেশ্বর পৌঁছবেন হেলিকপ্টার থেকে তাঁদের মাথায় পুষ্পবৃষ্টি করা হবে। রাজ্যের বিরোধী দলগুলি সরকারের এই সমস্ত বন্দোবস্তের বিরোধিতা করেছে।

**১৪ জুলাই** হরমুজ প্রণালীতে তৈলবাহী জাহাজে ক্ষেপণাস্ত্র হামলায় এক ভারতীয় নাবিকের মৃত্যু ও আটজন জখম হওয়ার ঘটনায় তেহরানকে কড়া বার্তা দিল ভারত। এই পরিস্থিতিতে ইরান দূতাবাসের উপরাষ্ট্রদূত মুহাম্মদ জাভেদ হুসেনিকে ডেকে পাঠিয়ে সতর্ক করা হল। বিদেশ মন্ত্রক এক বিবৃতি জারি করে বলেছে, 'নাবিকদের উপর হামলা এবং হরমুজ প্রণালীর মতো আন্তর্জাতিক জলপথে অবাধ যাতায়াতে বিঘ্ন ঘটানোর আমরা তীব্র নিন্দা জানাচ্ছি। উল্লেখ্য, এদিন সকালেই হরমুজ প্রণালীতে সংযুক্ত আরব আমিরশাহির দু'টি তৈলবাহী জাহাজে ক্ষেপণাস্ত্র ছোড়ে ইরান। এই হামলাতেই নিহত হন ভারতীয় নাবিক। আহতদের মধ্যে ছ'জন ভারতীয় ছাড়াও দু'জন ইউক্রেনীয় নাগরিকও রয়েছেন। এখনও পর্যন্ত এই যুদ্ধের জেরে নিহত ভারতীয় নাবিকের সংখ্যা ১৪ ছাড়িয়েছে।

**নিয়োগ সংক্রান্ত কেন্দ্রের ক্যাবিনেট** কমিটি পশ্চিমবঙ্গ রাজ্য ক্যাডারের ১৯৯৫ ব্যাচের আইএএস অফিসার রাজেশ পাণ্ডেকে দামোদর ভ্যালি কর্পোরেশনের (ডিভিসি) চেয়ারম্যান পদে বেছে নিল। তিনি এতদিন ক্ষুদ্র-ছোট ও মাঝারি শিল্প দফতরের দায়িত্বে ছিলেন। আগামী পাঁচ বছর ওই পদে কাজ করবেন তিনি। এর আগে রাজ্যের আধিকারিকদের কেন্দ্রীয় ডেপুটেশনে পাঠানো নিয়ে বিস্তর গড়িমসির অভিযোগ ছিল বিগত সরকারের বিরুদ্ধে। এবার সেই রাস্তা উন্মুক্ত হল বলে মনে করা হচ্ছে।

## উপর্যুপরি তিন বছর দুর্বিপাক পুরীর রথে



১৬ জুলাই: রথে পুরীতে পদপিষ্ট হয়ে অন্তত ২ জনের মৃত্যু হল। গুরুতর আহত হয়েছেন অন্তত ১০ জন। আহতের সংখ্যা ৬০০ হতে পারে বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে। প্রশাসন সূত্রে দাবি করা হয়েছে, ১৩ লক্ষ ভক্ত সমাগম হয়েছিল রথে। এই নিয়ে পরপর তিন বছর বিপর্যয়ের পুনরাবৃত্তি ঘটল পুরীতে। ওড়িশায় পালাবদলের পরে বিজেপির মোহনচরণ মাঝির সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে রথযাত্রায় প্রতিবছরই দুর্বিপাক ঘটে চলেছে। ওড়িশা সরকারের তরফে সরকারিভাবে হতাহতের সংখ্যা জানানো না হলেও প্রাক্তন মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ক পদপিষ্ট হয়ে মৃত ভক্তদের জন্য এক্স হ্যান্ডলে শোকপ্রকাশ করেছেন।

**১৫ জুলাই** আন্তর্জাতিক মহাকাশ-কেন্দ্র (আইএসএস)-এ পৌঁছলেন নাসার মহাকাশচারী ভারতীয় বংশোদ্ভূত অনিল মেনন। তিনি এবং তাঁর দুই সঙ্গী রুশ মহাকাশচারী মহাকাশকেন্দ্রে পৌঁছনোর পরে তাঁদের স্বাগত জানিয়েছেন সেখানে উপস্থিত মহাকাশচারীরা। আট মাস আইএসএস-এ থাকার কথা রয়েছে অনিল মেনন ও তাঁর দুই সঙ্গী মহাকাশচারীর।

**কালীঘাটপন্থী তৃণমূলের সব পদ** ছাড়ার ঘোষণা করলেন মদন মিত্র। ঠিক যেভাবে একে একে কালীঘাটের সঙ্গ ত্যাগ করেছেন পুরনো নেতারা, সেভাবেই ফিরহাদ (ববি) হাকিম, অরূপ বিশ্বাস, চন্দ্রিমা ভট্টাচার্য, অনুব্রত মণ্ডলের পর সেই তালিকায় নাম তুললেন, কামারহাটির বিধায়কও। এদিন বিধানসভায় বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের ঘরে বসে শিবির বদলের কথা ঘোষণা করেন মদন। তাঁর কথায়, 'আমি তৃণমূলে ছিলাম। তৃণমূলেই রইলাম। শুধু এই ঘর থেকে ওই ঘরে গেলাম।'

**১৬ জুলাই** ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরো যখন মহাকাশে মানুষ পাঠানোর জোরকদমে প্রস্তুতি নিচ্ছে তখনই সংস্থা থেকে ইস্তফার ঢল নামার খবর প্রকাশ্যে এল। খবরে প্রকাশ গত কয়েক মাসে শতাধিক বিজ্ঞানী ইসরো ছেড়ে বেরিয়ে গিয়েছেন। সূত্রের খবর, ৮০ জন বিজ্ঞানী ইস্তফা দিয়েছেন বেঙ্গালুরুর 'ইউ আর রাও স্যাটেলাইট সেন্টার' থেকে। তিরুঅনন্তপুরমের 'বিক্রম সারাভাই স্পেস সেন্টার' থেকে পদত্যাগ করেছেন ২০ জন বিজ্ঞানী। কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিংহের বক্তব্য, 'ইসরোর কর্মী-সংখ্যা অনেক। অনেকেই ছেড়ে দেন, আবার অনেকে আসেন।' অবশ্য সূত্রের খবর, ভারতে বেসরকারি মহাকাশ সংস্থার সংখ্যা ক্রমশ বাড়ছে। তারা ইসরোর প্রথম সারির বিজ্ঞানীদের নিজেদের সংস্থায় নিয়ে নিচ্ছে।

## লর্ডসে প্রথম মেয়েদের টেস্টে ঐতিহাসিক জয় ভারতের




১৩ জুলাই: ইংল্যান্ডের লর্ডসে প্রথম মেয়েদের টেস্ট খেলতে নেমে ঐতিহাসিক জয় পেল ভারত। হরমনপ্রীত কৌরের নেতৃত্বে ভারত ২৭০ রানে হারিয়ে দিল ইংল্যান্ডকে। শেষ দিনে ভারতের প্রয়োজন ছিল চার উইকেট। জয়ের জন্য প্রয়োজনীয় ৪৫৭ রান তাড়া করতে নেমে এদিন দ্রুতই ইংল্যান্ডের দ্বিতীয় ইনিংস শেষ হয়ে যায় ১৮৬ রানে। দ্বিতীয় ইনিংসে চারটি উইকেট নিয়েছেন অফস্পিনার স্নেহ রানা। ইংল্যান্ডের মাটিতে এই নিয়ে দশটি টেস্ট খেলল ভারত। এর মধ্যে কোনওটাতেই তারা হারেনি।

## ফ্রান্সকে হারিয়ে ফাইনালে স্পেন



১৪ জুলাই: বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে ফ্রান্সকে ২-০ গোলে হারিয়ে ফাইনালে উঠল স্পেন। খেলার প্রথমার্ধেই পেনাল্টি থেকে স্পেনকে এগিয়ে দেন ওয়ের সাবাল। এদিন তিনি ভাঙলেন দাভিদ ভিয়ার রেকর্ড। ২০০৮-'০৯ মরসুমে ভিয়া করেছিলেন ১৩ গোল। ২০২৫-'২৬-এ স্পেনের হয়ে ১৪তম গোল করলেন ওয়ের সাবাল। ৫৮ মিনিটে দানি ওলমোর পাস থেকে খেলার ফল ২-০ করেন পেদ্রো পোরো।

## ইংল্যান্ডকে হারিয়ে ফাইনালে আর্জেন্টিনা



১৬ জুলাই: বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে রুদ্ধশ্বাস ম্যাচে ইংল্যান্ডকে ২-১ গোলে হারিয়ে ফাইনালে উঠল আর্জেন্টিনা। ম্যাচের ৮৫ মিনিট পর্যন্ত অ্যান্থনি গর্ডনের গোলে এগিয়ে ছিল ইংল্যান্ড। শেষপর্যন্ত আগের ম্যাচগুলোর মতোই প্রত্যাবর্তন ঘটাল আর্জেন্টিনা। ৮৫ মিনিটে এনজো ফার্নান্দেসের দুরন্ত শটে গোল। এরপর ইনজুরি টাইমের ২ মিনিটে লাউতারো মার্তিনেসের হেড। ফল ২-১। দু'টি গোলেরই পাস দিলেন মেসি।

# কারেন্ট অ্যাফেয়ার্স ②

**১৬ জুলাই** গত দু'মাসে বঙ্গোপসাগরে ও আন্দামান সাগরে জোড়া নৌকাডুবিতে পাঁচশোরও বেশি রোহিঙ্গা শরণার্থীর মৃত্যু হয়েছে বলে জানাল রাষ্ট্রপুঞ্জ। প্রথম দুর্ঘটনাটি ঘটে জুনে। মায়ানমারের রাখাইন প্রদেশ থেকে আনুমানিক আড়াইশো জন শরণার্থী যাত্রা করেছিলেন। তাঁদের নৌকাটি বঙ্গোপসাগরে ডুবে যায়। দ্বিতীয় দুর্ঘটনাটি ঘটে ৮ জুলাই। মায়ানমারের ইরাবতী উপকূল থেকে ২৮০ জন শরণার্থী নিয়ে যাত্রা করা একটি নৌকা ডুবে যায় আন্দামান সাগরে। গতবছরও এভাবে দেশ থেকে পালাতে গিয়ে ৯০০-রও বেশি রোহিঙ্গার মৃত্যু হয়।

রাজ্যে ক্ষমতা হারানোর পরে কালীঘাটপন্থী তৃণমূল কংগ্রেস থেকে একের পর এক পদত্যাগের তালিকায় যোগ হল রুক্মিণী (কোয়েল) মল্লিকের নাম। রাজ্যসভার সাংসদ পদ ছাড়লেন তিনি। রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণণের সঙ্গে দেখা করে সাংসদ পদ থেকে ইস্তফা দেওয়ার পরই কোয়েল কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদবের বাড়ি গিয়ে মন্ত্রীর সঙ্গে দেখা করেন। আগের তিন তৃণমূল ত্যাগী সাংসদের মতোই কোয়েলও বিজেপিতে যোগ দিয়েছেন।

## হরিয়ানায় হাইড্রোজেন-চালিত ট্রেন, উদ্বোধনে মোদী




১৭ জুলাই: হরিয়ানার জীন্দে দেশের প্রথম হাইড্রোজেন-চালিত ট্রেনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই ট্রেনে ২টি ড্রাইভিং পাওয়ার কার-সহ ১০টি কামরা রয়েছে। ট্রেনের মূল চালিকাশক্তি দু'টি পাওয়ার কারে ১২০০ করে মোট ২৪০০ কিলোওয়াট হাইড্রোজেন ফুয়েল সেল। কোনও ওভারহেড তার বা পেট্রোল-ডিজেল-প্রাকৃতিক গ্যাসের মতো জ্বালানির দরকার হয় না। বর্জ্য বা উপজাত হিসেবে কেবল জলীয় বাষ্প তৈরি হয়, ফলে এটি পরিবেশবান্ধব। সর্বোচ্চ ১১০ কিলোমিটার/ঘণ্টা গতিতে চলতে পারলেও আপাতত ভারতে ৭৫ কিলোমিটার/ঘণ্টা গতিতে চলবে এই ট্রেন। প্রধানমন্ত্রী মোদী এই ট্রেনের উদ্বোধনী অনুষ্ঠানে দেওয়া বক্তৃতায় দাবি করেছেন, হরমুজ প্রণালী যদি এভাবে ২০১৪ সালের আগে অগ্নিগর্ভ হত, তাহলে দেশের রেলব্যবস্থা মুখ থুবড়ে পড়ত। তাঁর দাবি গত ১২ বছরে ৯৯ শতাংশ রেল নেটওয়ার্কের বৈদ্যুতিকরণ হয়েছে। তার আগে অধিকাংশ ট্রেনই শুধু ডিজেলেই চলত।

**১৭ জুলাই** বহরমপুরের কর্ণসুবর্ণ স্টেশনের কাছে গোবিন্দপুরে স্কুলের পুলকারে ট্রেনের ধাক্কায় মৃত্যু হল চার খুদে পড়ুয়ার। নিহত হলেন এক পথচারীও। পুলকারের চালক-সহ তিন পড়ুয়া জখম হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনায় কর্তব্যে গাফিলতির অভিযোগে সংশ্লিষ্ট গেটম্যানকে গ্রেফতার করা হয়েছে। নিলম্বিত করা হয়েছে আরও এক রেলকর্মীকে। পুলিশ ও রেলের প্রাথমিক তদন্তের পর জানা গিয়েছে, খাগড়াঘাট রোড ও কর্ণসুবর্ণ স্টেশনের মাঝে ওই লেভেল ক্রসিংটি ট্রেন আসার সময়ও খোলা ছিল। তার ফলেই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে।

## স্যর গারফিল্ড সোবার্স প্রয়াত




১৭ জুলাই: আন্তর্জাতিক ক্রিকেটের কিংবদন্তি অলরাউন্ডার স্যর গারফিল্ড সোবার্স (৮৯) প্রয়াত হলেন। ১৯৫৩ সালে ষোল বছর বয়সে বার্বাডোজের হয়ে প্রথম শ্রেণির ক্রিকেটে অভিষেক হয় সোবার্সের। পরের বছরই সুযোগ পান জাতীয় দলে। সোবার্স খেলেছেন ৯৩টি টেস্ট। রান ৮০৩২, সর্বোচ্চ অপরাজিত ৩৬৫। গড় ৫৭.৭৮। শতরান ২৬টি। উইকেট ২৩৫টি। একটিই মাত্র একদিনের ম্যাচ খেলে অবশ্য রান পাননি। ১৯৫৮ সালে পাকিস্তানের বিরুদ্ধে তাঁর অপরাজিত ৩৬৫ রান টেস্টের ইতিহাসে সর্বাধিক ব্যক্তিগত রানের রেকর্ড হিসেবে ৩৬ বছর অক্ষত ছিল। ১৯৯৪ সালে ব্রায়ান লারা সেই রেকর্ড ভাঙেন। প্রথম শ্রেণির ক্রিকেটে তাঁর সংগ্রহ ২৮ হাজারেরও বেশি রান এবং হাজারেরও বেশি উইকেট।

**১৮ জুলাই** পাকিস্তান অধিকৃত কাশ্মীরে আসন্ন প্রাদেশিক নির্বাচনের আগে পাক সরকারের বিরোধিতায় পথে নামলেন বহু মানুষ। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় নেমেছে পাকিস্তান সেনাও। সেনার গুলিতে বেশ কিছু প্রাণহানির খবর সামনে এসেছে। এই পরিস্থিতিতে রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার সংস্থাও পাক অধিকৃত কাশ্মীরে অশান্তির প্রসঙ্গে উদ্বেগ প্রকাশ করে বিক্ষোভকারীদের মৃত্যুর প্রকৃত তদন্তের দাবি জানাল। সেইসঙ্গে একটি বিবৃতি প্রকাশ করে পাক অধিকৃত কাশ্মীরের বিক্ষোভকারীদের বিষয়ে পাক প্রশাসনকে সংযত হওয়ার বার্তা দিয়েছেন রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার বিষয়ক হাই-কমিশনার ফলকার টুর্ক। সেইসঙ্গে পাক প্রশাসনের বিরুদ্ধে পথে নামা বিক্ষোভকারীদের মৃত্যুর প্রকৃত কারণ জানতে একটি তদন্ত কমিটি গঠনেরও আহ্বান জানিয়েছেন তিনি।

**লোকসভায় তৃণমূলের ২০ জন** 'বিদ্রোহী' সাংসদকে দলের বাকিদের থেকে আলাদা বসার অনুমোদন দিলেন লোকসভার স্পিকার ওম বিড়লা। সুদীপ বন্দ্যোপাধ্যায়, কাকলি ঘোষ দস্তিদার, শতাব্দী রায়-সহ তৃণমূলের এই ২০ জন সাংসদ বিজেপি নেতৃত্বের সঙ্গে বৈঠকের পর এনসিপিআই দলে যোগ দিয়েছিলেন। লোকসভার স্পিকারের কাছে তাঁরা এনসিপিআই সাংসদ হিসেবে স্বীকৃতির অনুরোধ ও এনডিএ-তে যোগ দেওয়ার সিদ্ধান্ত জানিয়েছিলেন। আপাতত তাঁদের তৃণমূলের বাকি আট জন সাংসদের থেকে আলাদা বসার অনুমতি দেওয়া হয়েছে।

**দুই অলিম্পিক পদকজয়ী মীরাবাই** চানু এবং লাভলিনা বরগোহাঁই-এর খেলোয়াড় জীবনে আর একটি অধ্যায় যোগ হল। আসন্ন গ্লাসগো কমনওয়েলথ গেমসের উদ্বোধনী অনুষ্ঠানে দু'জনকে পতাকাবাহক ও ব্যাটন বাহক হিসেবে বেছে নেওয়া হয়েছে। ভারতীয় অলিম্পিক সংস্থার তরফে এ কথা ঘোষণা করা হয়েছে। ভারতের ১২৬ সদস্যের প্রতিনিধি দলকে নেতৃত্ব দেবেন মীরাবাই ও লাভলিনা। টোকিয়ো অলিম্পিক্সে মীরাবাই ৪৯ কেজি বিভাগে রুপো জেতেন। দ্বিতীয় ভারতীয় মহিলা ভারোত্তোলক হিসেবে তিনি অলিম্পিক্সে পদক জিতেছেন। পাশাপাশি লাভলিনা টোকিয়ো অলিম্পিক্সে ব্রোঞ্জজয়ী। তৃতীয় ভারতীয় বক্সার হিসেবে তিনি পদক জেতেন অলিম্পিক্সে।

## মহাকাশে পাড়ি দিল ভারতের প্রথম বেসরকারি রকেট



১৮ জুলাই: অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটা থেকে মহাকাশে পাড়ি দিল ভারতের প্রথম বেসরকারি মহাকাশযান 'বিক্রম ১'। হায়দরাবাদের সংস্থা 'স্কাইরুট এরোস্পেস'-এর তৈরি মহাকাশযান 'বিক্রম ১'-এর এই সাফল্য ভারতের বেসরকারি মহাকাশ বাণিজ্য ক্ষেত্রে এক নতুন দিগন্ত খুলে দিল। গোটা বিশ্বে ইলন মাস্কের স্পেস এক্স-এর মতো হাতে গোনা কিছু সংস্থা মহাকাশ বাণিজ্যে যুক্ত রয়েছে। 'স্কাইরুট'-ও পা রাখল সেখানে। স্কাইরুট-এর সিইও পবন কুমার চন্দনকে ফোনে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উল্লেখ্য, সাততলা বাড়ির সমান উঁচু 'বিক্রম ১' দু'টি কৃত্রিম উপগ্রহ-সহ ছ'টি যন্ত্রাংশ (পেলোড) পৃথিবীর কক্ষপথে পৌঁছে দিয়েছে।

**১৯ জুলাই** সংসদে বাদল অধিবেশন শুরুর আগের দিন, সরকারের ডাকা সর্বদলীয় বৈঠকে নতুন দল এনসিপিআই-এ যুক্ত হওয়া দলত্যাগী তৃণমূল সাংসদদের বৈঠকে আমন্ত্রণ জানানোর প্রতিবাদে সরব হলেন তৃণমূল কংগ্রেস-সহ বিরোধী 'ইন্ডিয়া' মঞ্চের শরিকরা। প্রতিবাদে তাঁরা বৈঠক থেকে প্রতীকী কক্ষ ত্যাগ করেন। বিরোধীদের বক্তব্য, স্পিকার এনসিপিআই-কে আলাদা বসার নির্দেশ দিলেও স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নেননি।

**রাতভর বৃষ্টি এবং হড়পা বানে** বিপর্যস্ত হল জম্মু-কাশ্মীরের সীমান্ত লাগোয়া দুই জেলা পুঞ্চ এবং রাজৌরি। ভূমিধস এই পরিস্থিতিকে আরও ঘোরালো করে তোলায় ১৮ জনের মৃত্যু হয়েছে। নিখোঁজ বহু। উদ্ধারে নেমেছে রাজ্যের বিপর্যয় মোকাবিলা বাহিনী, পুলিশ-সহ বিভিন্ন উদ্ধারকারী দল। হড়পা বানে ব্যাপক ক্ষতি হয়েছে রাজৌরি শহরের। বহু বাড়ি এবং যানবাহন ভেসে গিয়েছে বলে খবর। নদীখাতের উপরে গড়ে ওঠা কলোনিগুলি থেকে মানুষজনকে অন্যত্র সরিয়ে নিয়েছে প্রশাসন।

## সোনম ওয়াংচুককে অনশন মঞ্চ থেকে সরাল দিল্লি পুলিশ



১৮ জুলাই: দিল্লির যন্তর-মন্তরে ২১ দিন ধরে অনশনরত সোনম ওয়াংচুককে অনশন মঞ্চ থেকে তুলে নিয়ে গিয়ে দিল্লির সফদরজঙ্গ হাসপাতালে ভর্তি করানো হল। দিল্লি পুলিশের স্পেশ্যাল ব্রাঞ্চের অফিসারেরা বিরাট বাহিনী নিয়ে গিয়ে ঝটিকা অপারেশন চালিয়ে অনশন মঞ্চ থেকে সোনমকে সরিয়ে দিলেন। হাসপাতালে ভর্তি করানো হলেও ৫৯ বছর বয়সি শিক্ষাবিদ ও পরিবেশকর্মী সেখানেও অনশন চালিয়ে গিয়েছেন। সোনমকে অনশন মঞ্চ থেকে তোলার পরে গোটা বিরোধী শিবির কেন্দ্রীয় সরকারের এই পদক্ষেপ নিয়ে প্রশ্ন তুলেছে। মোদী সরকার কেন শান্তিপূর্ণভাবে প্রতিবাদের অধিকার কাড়তে চাইছে সেই প্রশ্ন তুলেছে বিরোধীরা।

## ৭২তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার




১৮ জুলাই: ৭২তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার ঘোষিত হল। তামিল ছবি 'আমরণ'-এর জন্য সেরা পরিচালক হয়েছেন রাজকুমার পেরিয়াসামি। দক্ষিণী অভিনেতা মামুটির সঙ্গে যৌথভাবে সেরা অভিনেতা হয়েছেন বলিউডের কার্তিক আরিয়ান। কার্তিক 'চন্দু চ্যাম্পিয়ন' ছবির জন্য সেরা অভিনেতার পুরস্কার পাচ্ছেন। মামুটি অভিনীত ছবিটি হল 'ব্রমায়ুগাম'। সেরা সহ-অভিনেতা হয়েছেন সঞ্জয় মিশ্র (ছবি ভক্ষক)। সেরা সহ-অভিনেত্রী যৌথভাবে হয়েছেন রূপশ্রী বরকাডি (ছবি 'মিথ্যা') এবং সূচনা নামিদাম (ছবি 'মহারাজা')। বাংলার প্রাপ্য বলতে, সৌরভ পালোধি পরিচালিত 'অঙ্ক কী কঠিন' ছবিতে অভিনয়ের জন্য সেরা শিশুশিল্পীর পুরস্কার পেয়েছে ঋদ্ধিমান বন্দ্যোপাধ্যায়, তপোময় দেব এবং গীতশ্রী চক্রবর্তী। একটি দক্ষিণী ছবির আরও দুই শিশুশিল্পীর সঙ্গে যৌথভাবে এই পুরস্কার পাচ্ছে তারা।

## ফ্রান্সকে হারিয়ে তৃতীয় ইংল্যান্ড




১৯ জুলাই: ফিফা বিশ্বকাপের তৃতীয় স্থান নির্ধারণকারী ম্যাচে ১০ গোলের এক রোমাঞ্চকর দ্বৈরথ উপভোগ করলেন ফুটবলপ্রেমীরা। ফ্রান্সকে ৬-৪ গোলে হারিয়ে তৃতীয় হল ইংল্যান্ড। দুরন্ত হ্যাটট্রিক করে জয়ের নায়ক হলেন বুকায়ো সাকা। দলকে জেতাতে না পারলেও জোড়া গোল করে সোনার বুট জয়ের দৌড়ে লিয়োনেল মেসিকে পিছনে ফেলে এগিয়ে গেলেন কিলিয়ান এমবাপে। সেইসঙ্গে ভেঙে দিলেন বিশ্বকাপে সর্বকালের সর্বোচ্চ গোলের রেকর্ডও। বিশ্বকাপে এটি এমবাপের ২২ নম্বর গোল।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস


### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর


1. নিম্নলিখিত জীবগুলির মধ্যে কোনটি উভচর গোত্রের নয়?
(a) কুমির (b) নিউট (c) স্যালাম্যান্ডার (d) ব্যাঙ
2. নীচের ব্যক্তিদের মধ্যে কে শান্তিনিকেতনের কলাভবনের সঙ্গে যুক্ত ছিলেন না?
(a) নন্দলাল বোস (b) বিনোদবিহারী মুখোপাধ্যায় (c) রামকিঙ্কর বেইজ (d) রাজা রবি বর্মা
3. নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে রবীন্দ্রসঙ্গীত শিল্পী নন?
(a) দেবব্রত বিশ্বাস (b) কণিকা বন্দ্যোপাধ্যায় (c) পণ্ডিত ভীমসেন যোশি (d) সুচিত্রা মিত্র
4. 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করেন কে?
(a) লর্ড ডালহৌসী (b) লর্ড কর্নওয়ালিস (c) লর্ড রিপন (d) লর্ড কার্জন
5. 'ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি' (INA)-কে প্রতিষ্ঠা করেন?
(a) রাসবিহারী বসু (b) সুভাষচন্দ্র বসু (c) মহাত্মা গান্ধী (d) জওহরলাল নেহরু
6. ভারতের রাষ্ট্রপতি থাকাকালীন প্রথম মৃত্যু ঘটে কার?
(a) ভি ভি গিরি (b) ফকরুদ্দিন আলি আহমেদ (c) জাকির হোসেন (d) নীলম সঞ্জীব রেড্ডি
7. কোন অঙ্গটি রক্ত পরিশোধন করে?
(a) অগ্ন্যাশয় (b) অন্ত্র (c) বৃক্ক (d) পাকস্থলী
8. দু'টি দেশের জাতীয় সংগীতের রচয়িতা:
(a) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) কাজী নজরুল ইসলাম (d) মহম্মদ ইকবাল
9. 1 থেকে 7-এর মধ্যে $\frac{7}{11}$ ভগ্নাংশটির সংখ্যা কতগুলি?
(a) 7টি (b) 13টি (c) 9টি (d) 11টি
10. তোমরা আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব'— উক্তিটি কার?
(a) মহাত্মা গান্ধী (b) নেতাজী সুভাষচন্দ্র বসু (c) জওহরলাল নেহরু (d) ভগৎ সিং
11. দেব ও শুভ যথাক্রমে 1500 টাকা 6 মাসের জন্য এবং কিছু টাকা 9 মাসের জন্য নিয়ে ব্যবসা শুরু করে। মোট লাভ 180 টাকা এবং শুভ 120 টাকা লাভ পেলে, শুভ কত টাকা বিনিয়োগ করেছিল?
(a) 1000 টাকা (b) 1200 টাকা (c) 1500 টাকা (d) 2000 টাকা
12. সোহেল ও রুবেল যথাক্রমে 2000 টাকা 5 মাসের জন্য এবং কিছু টাকা 10 মাসের জন্য বিনিয়োগ করে। মোট লাভ 300 টাকা এবং রুবেল 200 টাকা লাভ পেল, রুবেল কত টাকা বিনিয়োগ করেছিল?
(a) 1200 টাকা (b) 1500 টাকা (c) 1800 টাকা (d) 2000 টাকা
13. 'Where the mind is without fear' —এই বিখ্যাত কবিতাটি কে লিখেছেন?
(a) কাজী নজরুল ইসলাম (b) জীবনানন্দ দাশ (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) সুকান্ত ভট্টাচার্য
14. কোভিড-19 কোন ধরনের বিপর্যয়ের উদাহরণ?
(a) জৈব বিপর্যয় (b) ভূতাত্ত্বিক বিপর্যয় (c) শিল্প বিপর্যয় (d) জলবায়ুগত বিপর্যয়
15. 'আয়লা' কী ধরনের প্রাকৃতিক দুর্যোগ ছিল?
(a) ভূমিকম্প (b) ঘূর্ণিঝড় (c) দাবানল (d) সুনামি
16. নীচের ভারতীয় প্রধানমন্ত্রীদের মধ্যে কে সবচেয়ে বেশিদিন প্রধানমন্ত্রীর পদে ছিলেন?
(a) ইন্দিরা গান্ধী (b) রাজীব গান্ধী (c) জওহরলাল নেহরু (d) মনমোহন সিং
17. 'এক দেশ, এক নেতা, এক দল'— এই নীতির সঙ্গে কার নাম জড়িত?
(a) স্ট্যালিন (b) হিটলার (c) চার্চিল (d) লেনিন
18. রাহুল ও সুমন যথাক্রমে 800 টাকা 12 মাসের জন্য এবং কিছু টাকা 8 মাসের জন্য বিনিয়োগ করে ব্যবসা শুরু করে। মোট লাভ 120 টাকা এবং সুমন 72 টাকা লাভ পেলে, সুমন কত টাকা বিনিয়োগ করেছিল?
(a) 1200 টাকা (b) 1400 টাকা (c) 1600 টাকা (d) 1800 টাকা
19. সর্দার সরোবর বাঁধ কোন নদীর উপর নির্মিত হয়েছে?
(a) তিস্তা নদী (b) নর্মদা নদী (c) তোর্সা নদী (d) ব্রহ্মপুত্র নদ
20. ভারতের প্রথম সংবাদপত্র কোনটি?
(a) বেঙ্গল গেজেট (b) সংবাদ কৌমুদী (c) মিরাত-উল-আকবর (d) হিন্দু পেট্রিয়ট
21. ভারতের পিটসবার্গ বলা হয় কোন জায়গাকে?
(a) ছোটনাগপুরের মালভূমি (b) দাক্ষিণাত্য (c) কেওনঝড় (d) জামশেদপুর
22. 1 থেকে 100 অবধি স্বাভাবিক সংখ্যার যোগফল কত?
(a) 5020 (b) 5050 (c) 5025 (d) কোনওটিই নয়
23. ভারতীয় মহাকাশ কর্মসূচির জনক কে?
(a) এস সোমনাথ (b) সতীশ ধাওয়ান (c) বিক্রম সারাভাই (d) কে রাধাকৃষ্ণান
24. 171 কী সংখ্যা?
(a) মৌলিক সংখ্যা (b) জোড় সংখ্যা (c) অমূলদ সংখ্যা (d) যৌগিক সংখ্যা
25. ভারতীয় সেনাবাহিনীর সর্বোচ্চ সামরিক সম্মান কোনটি?
(a) পরমবীর চক্র (b) অশোক চক্র (c) মহাবীর চক্র (d) বীর চক্র
26. নীচের প্রাচীন ভারতীয় রাজাদের মধ্যে কে নিজের সাম্রাজ্যকে হুনদের আক্রমণের কবল থেকে রক্ষা করেছিলেন?
(a) সমুদ্রগুপ্ত (b) স্কন্দগুপ্ত (c) অশোক (d) কণিষ্ক
27. রান অব কচ্ছ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) রাজস্থান (b) ছত্তিসগড় (c) গুজরাট (d) তেলেঙ্গানা
28. কে নির্মাণ করেন আলাই দরওয়াজা?
(a) আকবর (b) ফিরোজ শাহ তুঘলক (c) আলাউদ্দিন খলজি (d) কেউই নন
29. ভারতের প্রথম কাগজ কল কোথায় স্থাপিত হয়েছিল?
(a) কলকাতা (b) শ্রীরামপুর (c) নৈহাটি (d) আসানসোল
30. 12টি কমলালেবুকে 5টি ঝুড়িতে ভাগ করা হলে:
(a) 2টি ঝুড়িতে 3টি করে এবং 3টি ঝুড়িতে 2টি করে লেবু থাকবে (b) 3টি ঝুড়িতে 2টি করে, 2টি ঝুড়িতে 1টি করে এবং 1টি ঝুড়িতে 4টি লেবু থাকবে (c) 4টি ঝুড়িতে 2টি করে এবং 1টি ঝুড়িতে 8টি লেবু থাকবে (d) কোনওটিই নয়
31. ঘড়িতে সকাল 9 : 15 বাজার সময় ঘণ্টা ও মিনিটের কাঁটা কত ডিগ্রি কোণ তৈরি করবে?
(a) $100^{\circ}$ (b) $115^{\circ}$ (c) $360^{\circ}$ (d) $180^{\circ}$
32. নিকোলা টেসলা কী ধরনের তড়িৎ/বিজলি আবিষ্কার করেছিলেন?
(a) এসি (b) ডিসি (c) স্থির তড়িৎ (d) বল বজ্রপাত
33. প্রথম মহিলা বিজ্ঞানী যিনি নোবেল পুরস্কার পান এবং একমাত্র যিনি বিজ্ঞানের দু'টি ভিন্ন বিষয়ে নোবেল পুরস্কার পেয়েছিলেন:
(a) ডেরাথী ক্রফুট হজকিন (b) বারবারা ম্যাকক্লিন্টক (c) মেরি কুরি (d) রোজালিন্ড ফ্রাঙ্কলিন
34. আজীবক সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে?
(a) মহাবীর (b) মকখলি গোশাল (c) অজিতনাথ (d) সুমতিনাথ
35. কোন ব্রিটিশ লেখিকা 'হ্যারি পটার' সিরিজ-এর জন্য বিখ্যাত?
(a) আগাথা ক্রিস্টি (b) জে কে রাউলিং (c) জে আর আর টলকিয়েন (d) সি ডিকেন্স
36. কোষের নিম্নলিখিত অংশগুলির (কোষাণু/কোষের অংশগুলির) মধ্যে কোনটি শুধুমাত্র উদ্ভিদ কোষের ভিতরেই দেখা যায়?
(a) নিউক্লিয়াস (b) মাইটোকন্ড্রিয়া (c) গলগি অ্যাপারেটাস (d) প্লাস্টিডস
37. নীচের রোগগুলির মধ্যে কোনটি জলবাহিত রোগ?
(a) টিউবারকিউলোসিস (b) টাইফয়েড (c) ম্যালেরিয়া (d) ডিপথেরিয়া
38. মরু অঞ্চলে সৃষ্ট মাটি হল:
(a) অ্যারিডিসল (b) অ্যান্টিসল (c) হিস্টোসল (d) মলিসল
39. বিমানবন্দরবিহীন দেশ:
(a) মোনাকো (b) স্যান মেরিনো (c) অ্যান্ডোরা (d) সবকটিই
40. একজন পাইকারী ওষুধ বিক্রেতা এক ক্রেতাকে 20% ছাড় দেওয়ার পরেও 15% লাভ করল। ওষুধের সর্বাধিক বিক্রয়যোগ্য মূল্য 550 টাকা হলে তার প্রকৃত মূল্য কত?
(a) 440 টাকা (b) 374 টাকা (c) 380 টাকা (d) কোনওটিই নয়
41. তিনটি ক্রমিক সমানুপাতি সংখ্যার গুণফল 343 হলে, প্রথম ও তৃতীয়টির মধ্য সমানুপাতী কত?
(a) 7 (b) 13 (c) 11 (d) 9
42. বাতাসে কোন গ্যাস সর্বাধিক পরিমাণে পাওয়া যায়?
(a) অক্সিজেন (b) কার্বন ডাইঅক্সাইড (c) নাইট্রোজেন (d) নিয়ন
43. ভারতে আগস্ট আন্দোলন হয়েছিল:
(a) 1942 সালে (b) 1920 সালে (c) 1930 সালে (d) 1946 সালে
44. কীটপতঙ্গের অধ্যয়নকে বলা হয়:
(a) এর্মোটোলজি (b) এন্টোমোলজি (c) অ্যাস্ট্রোলজি (d) জিওলজি
45. দু'টি সংখ্যার যোগফল $3\frac{5}{21}$, একটি সংখ্যা $2\frac{3}{7}$ হলে অন্য সংখ্যাটি কত?
(a) $\frac{17}{21}$ (b) $\frac{7}{21}$ (c) $\frac{10}{21}$ (d) $\frac{11}{21}$
46. মনসবদারী প্রথার প্রবর্তক কে?
(a) শেরশাহ (b) আকবর (c) মুর্শিদকুলি খান (d) মামুদ গাওয়ান
47. বাতাসের গতি পরিমাপক যন্ত্র:
(a) অ্যানিমোমিটার (b) ব্যারোমিটার (c) ম্যানোমিটার (d) থর্মোমিটার
48. গ্রেট বেরিয়ার রিফ কোথায় অবস্থিত?
(a) অস্ট্রিয়া (b) অ্যান্টিগুয়া (c) অস্ট্রেলিয়া (d) আন্দামান
49. 100 টাকা A ও B-এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হল যাতে A ও B-এর প্রাপ্ত টাকার অনুপাত হয় 9 : 11। A ও B-এর প্রাপ্ত টাকার পরিমাণ কত?
(a) 35 টাকা এবং 65 টাকা (b) 45 টাকা এবং 55 টাকা (c) 43 টাকা এবং 57 টাকা (d) 39 টাকা এবং 61 টাকা
50. লোকটাক হ্রদ কোথায় অবস্থিত?
(a) মণিপুর (b) নাগাল্যান্ড (c) মিজোরাম (d) অরুণাচল প্রদেশ
51. ভারতে দাক্ষিণাত্য মালভূমির উচ্চতম অংশ কোনটি?
(a) আনাইমুদি (b) তিব্বতীয় মালভূমি (c) সাতপুরা (d) পূর্বঘাট
52. কোন ক্ষুদ্রতম সংখ্যা থেকে 1 বিয়োগ করলে বিয়োগফল 12, 16 ও 28 দ্বারা বিভাজ্য হবে?
(a) 316 (b) 335 (c) 672 (d) 337

এরপর নয়ের পাতায়

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট


### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 

(x = ? হবে)
(a) 125 (b) 225 (c) 216 (d) 228
2. নীচের কোন ভেনচিত্রটি বাড়ি, বাথরুম, শয়নঘর এর সম্পর্ক নিরূপন করে?


3. 'প্রেইরি' যদি উত্তর আমেরিকার সঙ্গে সম্পর্কযুক্ত হয় তবে 'ডাউন' কার সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) ইউরোপ (b) আফ্রিকা (c) ভারত (d) অস্ট্রেলিয়া
4. 'লজ্জা' যদি সাহস-এর সঙ্গে সম্পর্কযুক্ত হয় তবে 'সত্য' কীসের সঙ্গে সম্পর্কযুক্ত হবে?
(a) শাস্তি (b) মিথ্যা (c) গ্রহণ (d) পুরস্কার
5. যদি '+'-এর মানে –, '–'-এর মানে ×, ×-এর মানে '÷' এবং '÷'-এর মানে '+' হয় তবে, $42 \div 98 + 60 \times 12 - 10 = ?$
(a) 140 (b) 50 (c) 150 (d) 90
6. ? চিহ্নিত স্থানে কী বসবে?
10, 100, 200, 310, ?
(a) 400 (b) 410 (c) 420 (d) 430
7. পাঁচজন শিশু একটি প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। প্রত্যেকে একে অপরের সঙ্গে খেললে তারা মোট কতবার খেলেছিল?
(a) 10 (b) 15 (c) 20 (d) 25
8. নীচের কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) মে (b) জুন (c) জুলাই (d) অগস্ট
9. যদি সেক্রেটারি, স্টেনোগ্রাফির সঙ্গে যুক্ত হন তবে নীচের কোন সম্পর্কটি সঠিক হবে?
(a) ডাক্তার : ঔষধ (b) বুক কিপিং : অ্যাকাউন্ট্যান্ট (c) আবহবিদ : আবহাওয়া (d) টাইপিস্ট : টাইপোগ্রাফি
10. যদি জলকে নীল, নীলকে লাল, লালকে সাদা, সাদাকে আকাশ, আকাশকে বৃষ্টি, বৃষ্টিকে সবুজ, সবুজকে বায়ু বলা হয় তবে দুধের রং কী হবে?
(a) সাদা (b) সবুজ (c) আকাশ (d) বায়ু
11. যদি ইংরেজি বর্ণমালার প্রত্যেকটি অক্ষরকে বিজোড় সংখ্যা দ্বারা লেখা যায়, যেমন A = 1, B = 3, C = 5 ইত্যাদি। তাহলে DESK শব্দটি দ্বারা কত সংখ্যা লেখা হবে?
(a) 71 (b) 72 (c) 73 (d) 74
12. A, D, H, M, ——, Z শূন্যস্থানটিতে কী বসবে?
(a) S (b) T (c) R (d) U
13. কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) 6958 (b) 1948 (c) 6895 (d) 9784
14. Sty : Pig : : Byre : ?
(a) Eagle (b) Cow (c) Tiger (d) Hen
15. 5 : 27 : : 9 : ?
(a) 81 (b) 82 (c) 83 (d) 84
16. ? স্থানে কী বসবে?

| | | |
|---|---|---|
| 4 | 12 | 4 |
| 6 | 29 | 7 |
| 7 | 38 | 11 |
| 9 | 75 | ? |

(a) 6 (b) 7 (c) 8 (d) 9
17. নীচের সিরিজটি সম্পূর্ণ করুন:
99, 92, 105, 98, 111, 104, ___ 110
(a) 117 (b) 116 (c) 115 (d) 114
18. 'STOP' শব্দটি থেকে তিন অক্ষরের ক'টি ইংরেজি শব্দ গঠন করা যায়?
(a) 5টি (b) 4টি (c) 3টি (d) 2টি
19. যদি 3 = 6 হয়, 4 = 24 হয়, 5 = 120 হয় তবে, 6 = ?
(a) 715 (b) 720 (c) 725 (d) 730
20. নীচের শব্দগুলি Dictionary-এর ক্রমানুসারে সাজান:
i. Chemistry ii. Chamber iii. Cheap iv. Cheerful
(a) ii, i, iii, iv (b) iii, iv, ii, i (c) ii, iv, iii, i (d) ii, iii, iv, i
21. নীচের কোন সম্পর্কটি বেমানান?
(a) মাছ : Aquarium (b) সিংহ : Den (c) ঘোড়া:Stable (d) মৌমাছি : Aviary
22. একটি সারিতে শম্ভুর ক্রম যদি উভয় দিক থেকে 19 হয় তবে ওই সারির সদস্য সংখ্যা কত?
(a) 38 (b) 37 (c) 36 (d) 35
23. পটল, মাংস, সবজি
কোন ভেনচিত্রটি ওপরের সম্পর্কগুলি সঠিকভাবে নির্দেশ করে?



এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

53. কোন ভারতীয় ব্যাঙ্ক প্রথম নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত?
(a) স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া (b) আইসিআইসিআই ব্যাঙ্ক (c) ডয়চে ব্যাঙ্ক (d) এইচডিএফসি

54. বিরল রোগ দিবসের মূল লক্ষ্য কী?
(a) গবেষণার উদ্দেশ্যে তহবিল সংগ্রহ (b) স্বাস্থ্য পরিষেবাগুলিতে প্রবেশের অধিকারের উন্নতি করা (c) সাধারণ মানুষের মধ্যে সচেতনাবৃদ্ধি এবং রোগীদের জীবনের উপর তার ফলাফল (d) বিরল রোগে আক্রান্ত রোগীর সাহায্য প্রদান

55. রমেশবাবু প্রজ্ঞানন্দ হলেন একজন বিখ্যাত ভারতীয়:
(a) হকি খেলোয়াড় (b) টেবিল টেনিস খেলোয়াড় (c) দাবা খেলোয়াড় (d) ভলিবল খেলোয়াড়

56. A একটি কাজ 9 দিনে করে এবং B কাজটি 6 দিনে করে। তাদের সঙ্গে C এসে যোগ দেওয়াতে তারা মোট 3 দিনে কাজটি সম্পন্ন করতে পারে। C একা কাজটি কত দিনে সম্পন্ন করতে পারবে?
(a) 15 দিনে (b) 12 দিনে (c) 21 দিনে (d) 18 দিনে

57. ভারতীয় বায়ুসেনার আদর্শ কী?
(a) গৌরবের সঙ্গে আকাশ স্পর্শ (b) সাহস এবং আত্মত্যাগ (c) নিজের আগে সেবা (d) ঐক্যই শক্তি

58. পরিগণনামূলক কর্মকাণ্ড এবং প্রোগ্রামিং-এ কোন সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয়?
(a) বাইনারি (b) হেক্সাডেসিম্যাল (c) অক্টাল (d) ডেসিম্যাল (দশমিক)

59. দক্ষিণ চিন সাগরের সৃষ্ট ঘূর্ণাবর্ত যে নামে পরিচিত:
(a) উইলি-উইলি (b) হ্যারিকেন (c) টাইফুন (d) টর্নেডো

60. ভারতের শেষ ভাইসরয় এবং শেষ গভর্নর জেনারেলের নামগুলি কী কী?
(a) লর্ড ওয়াভেল এবং লর্ড মাউন্টব্যাটেন (b) লর্ড লিনলিথগো এবং লর্ড ওয়াভেল (c) লর্ড মেয়ো এবং লর্ড ওয়াভেল (d) লর্ড মাউন্টব্যাটেন এবং সি রাজাগোপালাচারী

61. ব্রাজিলের আমাজন অববাহিকা যে জলবায়ু অঞ্চলে অবস্থিত, তা হল:
(a) উষ্ণ মরু জলবায়ু অঞ্চল (b) মৌসুমী জলবায়ু অঞ্চল (c) নিরক্ষীয় জলবায়ু অঞ্চল (d) এগুলির কোনওটিই নয়

62. একটি বাগানে 127টি চারাগাছকে বাগানটিতে যতগুলি সারি আছে প্রতিটি সারিতে লাগানোর পর দেখা গেল 6টি চারাগাছ অতিরিক্ত হল। বাগানটিতে কতগুলি সারি আছে?
(a) 13টি (b) 15টি (c) 11টি (d) 7টি

63. আমাজন এবং মাইক্রোসফ্ট-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) নিউইর্য়ক (b) সিয়াটেল (c) লস অ্যাঞ্জেলেস (d) শিকাগো

64. মাউন্ট এভারেস্টের শীর্ষে আরোহণ করা প্রথম মহিলা পর্বতারোহী:
(a) বাচেন্দ্রী পাল (b) সুদীপ্তা সেনগুপ্ত (c) জুনকো তাবেই (d) মেলিসা আর্নট

65. রবি ও মধুর সংগ্রহে থাকা গল্পের বইয়ের অনুপাত 2 : 3। গতবার বইমেলায় 6টি বই মধু নতুন করে ক্রয় করার ফলে এখন তাদের কাছে থাকা গল্পের বইয়ের অনুপাত হয় 1 : 2। রবি, মধুর প্রথমে ক'টি করে বই ছিল?
(a) 2টি, 4টি (b) 4টি, 6টি (c) 4টি, 8টি (d) কোনওটিই নয়

66. নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে কখনও ভারতীয় জাতীয় কংগ্রেসের সম্মেলনে (অধিবেশনে) সভাপতিত্ব করেননি?
(a) সুভাষ চন্দ্র বসু (b) দাদাভাই নওরোজি (c) বাল গঙ্গাধর তিলক (d) উমেশচন্দ্র ব্যানার্জি

67. কোন ভারতীয় প্রধানমন্ত্রীর কার্যকালে ভারতবর্ষের 'পূর্ব দিকে তাকাও' নীতি প্রণয়ন করা হয়েছিল?
(a) আই কে গুজরাল (b) এইচ ডি দেবগৌড়া (c) অটল বিহারী বাজপেয়ী (d) পি ভি নরসিমহা রাও

68. 'ম্যান মেকস হিমসেলফ'— এই বিখ্যাত বইটির লেখক কে?
(a) এ এল ব্যাসাম (b) রোমিলা থাপার (c) ভি গর্ডন চাইল্ড (d) ডি ডি কোশাম্বী

69. ষোড়শ শতাব্দীতে চট্টগ্রামের প্রশাসনিক প্রধান ছুটি খাঁ তাঁর সভাকবিকে অনুবাদ করতে বলেছিলেন:
(a) কোরাণ (b) জেন্দ আবেস্তা (c) মহাভারত (d) বাইবেল

70. ব্রোঞ্জে, তামার সঙ্গে মিশ্রিত থাকে:
(a) টিন (b) লোহা (c) রুপো (d) সোনা

71. কোন মহিলা প্রথম আটলান্টিক মহাসাগরের উপর দিয়ে একা বিমান উড়িয়ে নিয়ে গেছেন?
(a) বেসি কোলম্যান (b) অ্যামেলিয়া ইয়ারহার্ট (c) ভ্যালেন্টিনা তেরেস্কোভা (d) স্যালি রাইড

72. কোনটি 'মূল' (root) সবজি?
(a) ফুলকপি (b) শশা (c) লাউ (d) গাজর

73. ব্রিটিশ ভারতে সুপ্রিম কোর্টের প্রথম ব্রিটিশ প্রধান বিচারপতি কে ছিলেন?
(a) স্যার রবার্ট চেম্বার্স (b) স্যার এডওয়ার্ড হাইড (c) স্যার হেনরি রাসেল (d) স্যার এলিজা ইম্পে

74. 'মানুষ স্বাধীনভাবে জন্মগ্রহণ করে, কিন্তু সর্বত্র শৃঙ্খলিত'— উক্তিটি কার?
(a) জে জে রুশো (b) মন্টেস্কু (c) ডিডেরো (d) জে পি সার্ত্রে

75. দু'টি সংখ্যার অনুপাত 5 : 13। যদি গ.সা.গু 11 হয়, তবে সংখ্যাদু'টি কত হবে?
(a) 110, 286 (b) 55, 143 (c) 25, 65 (d) 165, 294

76. এঁদের মধ্যে থেকে কোন রাজা 'সকলোত্তর পথনাথ'— এই উপাধি গ্রহণ করেছিলেন?
(a) শশাঙ্ক (b) হর্ষবর্ধন (c) লক্ষ্মণ সেন (d) ধর্মপাল

77. নিজ যাত্রাপথে ঘণ্টায় 72 কিলোমিটার বেগে গতিশীল একটি ট্রেনের 120 মিটার লম্বা একটি প্ল্যাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে যখন ট্রেনটির দৈর্ঘ্য 80 মিটার?
(a) 12 সেকেন্ড (b) 18 সেকেন্ড (c) 14 সেকেন্ড (d) 10 সেকেন্ড

78. 120 কিলোমিটার দূরত্ববিশিষ্ট দু'টি স্টেশন থেকে বিপরীতমুখী দু'টি ট্রেন যথাক্রমে 60 কিলোমিটার/ঘণ্টা এবং 30 কিলোমিটার/ঘণ্টা বেগে একই সময়ে যাত্রা আরম্ভ করে। অধিক গতিসম্পন্ন ট্রেনটি 40 মিনিট যাত্রা করার পর দাঁড়িয়ে যায়। অপর ট্রেনটি কতক্ষণ পর প্রথম ট্রেনটির সঙ্গে মিলিত হবে?
(a) 160 মিনিট (b) 130 মিনিট (c) 140 মিনিট (d) কোনওটিই নয়

79. ভারতের সর্বপ্রথম জাতীয় উদ্যাগ কোনটি?
(a) কানহা জাতীয় উদ্যান (b) রাজাজি জাতীয় উদ্যান (c) জিম করবেট জাতীয় উদ্যান (d) নন্দা দেবী জাতীয় উদ্যান

80. সঠিক উত্তরটি নির্বাচন করুন:
(a) দু'টি অমূলদ সংখ্যার যোগফল একটি অমূলদ সংখ্যা (b) দু'টি অমূলদ সংখ্যার যোগফল সর্বদা মূলদ সংখ্যা (c) দু'টি অমূলদ সংখ্যার যোগফল সর্বদা অমূলদ সংখ্যা নয় (d) উপরের কোনওটিই নয়

81. 'ধর্মচক্র প্রবর্তন' কী?
(a) বৌদ্ধধর্ম অনুযায়ী এটি হল নির্বাণ লাভ (b) গৌতম বুদ্ধের তিরোধান (c) নির্মাণ লাভের পর সারনাথে গৌতম বুদ্ধের সর্বপ্রথম ধর্মপ্রচার (d) উপরের সবক'টিই

82. 'রামচরিত' কে রচনা করেছিলেন?
(a) তুলসীদাস (b) কৃত্তিবাস ওঝা (c) হরিদাস (d) সন্ধ্যাকর নন্দী

83. 2024 সালের 12 জানুয়ারি শুক্রবার হলে 2025 সালের 7 জুন কী বার হবে?
(a) সোমবার (b) বৃহস্পতিবার (c) শনিবার (d) কোনওটিই নয়

84. মাস এবং তারিখ অনুযায়ী সঠিক মিলটি চিহ্নিত করুন:
(a) 7 মে : বিশ্ব স্বাস্থ্য দিবস (b) 17 মে : বিশ্ব টেলিযোগাযোগ দিবস (c) 5 জুন : বিশ্ব সমুদ্র দিবস (d) 11 জুন : বিশ্ব শিশুশ্রম বিরোধী দিবস

85. কোন আই পি এস অফিসারের জীবনের ঘটনার উপর ভিত্তি করে তৈরি হয়েছে 12th Fail চলচ্চিত্রটি?
(a) মনোজ কুমার শর্মা (b) আর কে হান্ডা (c) নজরুল ইসলাম (d) কিরণ বেদী

86. নীচের ব্যক্তিদের মধ্য থেকে কে ক্যাবিনেট মিশনের সদস্য ছিলেন না?
(a) পেথিক লরেন্স (b) জন সাইমন (c) স্যার স্ট্যাফোর্ড ক্রিপস (d) এ বি আলেকজান্ডার

87. ভারতবর্ষের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী কে?
(a) প্রতিভা পাটিল (b) পদ্মজা নাইডু (c) সুচেতা কৃপালনী (d) অমৃতা কাউর

88. নিম্নলিখিত কোনটি ভারতের প্রথম বায়োস্ফিয়ার রিজার্ভ?
(a) সুন্দরবন (b) নীলগিরি (c) নন্দাদেবী (d) মানস

89. কোন ভারতীয় সুলতান নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মজুতদারির নিষেধ করেন?
(a) ইলতুৎমিস (b) বলবন (c) আলাউদ্দিন খলজি (d) ফিরোজ শাশ তুঘলক

90. রমেন প্রতি কিলোগ্রাম ব্রয়লার মুরগি 115 টাকা দরে ক্রয় করে 20% লাভ পেতে চাইলে ব্রয়লার মুরগির বিক্রয়মূল্য কত হবে?
(a) 132 টাকা (b) 136 টাকা (c) 138 টাকা (d) কোনওটিই নয়

91. কার রাজসভার অন্যতম শ্রেষ্ঠ সংগীতজ্ঞ ছিলেন তানসেন?
(a) আকবর (b) বল্লাল সেন (c) হুসেন শাহ (d) দেবপাল

92. ভারতের সর্বোচ্চ বাঁধ কোনটি?
(a) তেহরি বাঁধ (b) ভাকরা-নাঙ্গাল বাঁধ (c) হীরাকুঁদ বাঁধ (d) সর্দার সরোবর বাঁধ

93. কথা বলা টেকিং এ টি এম ভারতে প্রথম চালু করে কোন ব্যাঙ্ক?
(a) স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া (b) পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (c) ইউনিয়ান ব্যাঙ্ক অব ইন্ডিয়া (d) আইসিআইসিআই

94. কোনও মূলধনের বার্ষিক $6\frac{1}{4}$ % হারে কত বছরে দ্বিগুণ হবে?
(a) 12 বছরে (b) 9 বছরে (c) 16 বছরে (d) 8 বছরে

95. মূলদ সংখ্যার মান:
(a) আবৃত দশমিকে প্রকাশযোগ্য (b) আবৃত দশমিকে প্রকাশযোগ্য নয় (c) সর্বদা আবৃত দশমিকে প্রকাশযোগ্য (d) কোনওটিই নয়

96. 'Tree of Liberty' কে মহীশূরে রোপণ করেন?
(a) চিক্কা দেবরাজ ওয়াদিয়ার (b) কৃষ্ণরাজা ওয়াদিয়ার (c) টিপু সুলতান (d) হায়দর আলি

97. নীচের কোনটি ভারতের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য?
(a) সুন্দরবন (b) ভিতরকনিকা (c) পিচাভারাম (d) গোদাবরী ডেল্টা

98. 'সবে মুনিষে পজা মমা'— কার উক্তি?
(a) লর্ড রিষভ (b) সম্রাট অশোক (c) গৌতমীপুত্র সাতকর্ণী (d) সুপার্শ্বনাথ

99. ইতালির ঐক্য আন্দোলনের প্রধান নেতা কে ছিলেন?
(a) বিসমার্ক (b) গ্যারিবল্ডি (c) লেনিন (d) নেপোলিয়ন

100. 'Government of the people, by the people, for the people' — উক্তিটি কার?
(a) আব্রাহাম লিঙ্কন (b) জর্জ ওয়াশিংটন (c) উইনস্টন চার্চিল (d) নেপোলিয়ন

#### উত্তর

1(a), 2(d), 3(c), 4(b), 5(a), 6(c), 7(c), 8(b), 9(d), 10(b), 11(a), 12(d), 13(c), 14(a), 15(b), 16(c), 17(b), 18(d), 19(b), 20(a), 21(d), 22(b), 23(c), 24(d), 25(a), 26(b), 27(c), 28(c), 29(b), 30(a), 31(d), 32(a), 33(c), 34(b), 35(b), 36(d), 37(b), 38(a), 39(d), 40(c), 41(a), 42(c), 43(a), 44(b), 45(a), 46(b), 47(a), 48(c), 49(b), 50(a), 51(a), 52(d), 53(b), 54(c), 55(c), 56(d), 57(a), 58(a), 59(c), 60(d), 61(c), 62(c), 63(b), 64(c), 65(d), 66(c), 67(d), 68(c), 69(c), 70(a), 71(b), 72(d), 73(d), 74(a), 75(b), 76(b), 77(d), 78(a), 79(c), 80(c), 81(c), 82(d), 83(c), 84(b), 85(a), 86(b), 87(c), 88(b), 89(c), 90(c), 91(a), 92(a), 93(c), 94(c), 95(a), 96(c), 97(a), 98(b), 99(b), 100(a).

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

24. BRAKE শব্দটির অক্ষরগুলি বর্ণানুক্রমে সাজালে কতগুলি অক্ষরের স্থান অপরিবর্তিত থাকবে?
(a) একটি (b) দু'টি (c) তিনটি (d) চারটি

25. ? স্থানে সঠিক শব্দটি লিখুন:
Cattle : Herd : : Sheep : ?
(a) Flock (b) Swarm (c) Crowd (d) Mob

26. যদি $x : y = 3 : 5$ হয় তবে $(4x + 3y) : (5x - y) = ?$
(a) 24 : 11 (b) 12 : 25 (c) 25 : 12 (d) 11 : 24

27. $\frac{256 \times 256 - 144 \times 144}{112} = ?$
(a) 325 (b) 375 (c) 400 (d) 420

28. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 653, 869 এবং 1229-কে ভাগ করলে সর্বক্ষেত্রে সমান অবশিষ্ট থাকবে?
(a) 18 (b) 36 (c) 54 (d) 72

29. ক্ষুদ্রতম কোন সংখ্যাকে 20, 42, 63 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 1 অবশিষ্ট থাকবে?
(a) 1256 (b) 1261 (c) 1263 (d) 1265

30. একটি পরিবারের আয়-ব্যয়ের অনুপাত 10 : 7। যদি ওই পরিবারের ব্যয় 10500 টাকা হয়, তাহলে সঞ্চয়ের পরিমাণ কত?
(a) 4200 টাকা (b) 4400 টাকা (c) 4500 টাকা (d) 4600 টাকা

31. যদি 78-কে তিনভাগে $1 : \frac{1}{3} : \frac{1}{6}$ অনুপাতে ভাগ করা হয় তাহলে মধ্যের ভাগটি কত হবে?
(a) $15\frac{1}{3}$ (b) $17\frac{1}{3}$ (c) $18\frac{1}{3}$ (d) $19\frac{1}{3}$

32. দু'টি সংখ্যার ল.সা.গু 120 ও গ.সা.গু 10 হলে সংখ্যাদু'টির যোগফল নির্ণয় করুন:
(a) 70 (b) 60 (c) 55 (d) 50

33. যদি $a = 11$ ও $b = 9$ হয় তবে $\frac{a^2 + b^2 + ab}{a^3 - b^3} = ?$
(a) 0 (b) 1 (c) $\frac{1}{2}$ (d) $-\frac{1}{2}$

34. একটি সংখ্যাকে 56 দ্বারা ভাগ করলে 29 ভাগশেষ থাকে, সংখ্যাটিকে 8 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকবে:
(a) 5 (b) 6 (c) 7 (d) 8

35. কোন সংখ্যাকে 13 দ্বারা গুণ করলে 180 বৃদ্ধি পায়?
(a) 5 (b) 12 (c) 15 (d) 25

36. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং তাদের ল.সা.গু হল 180। বড় সংখ্যাটি কত হবে?
(a) 55 (b) 60 (c) 65 (d) 68

37. অমিতাভর মাসিক আয় প্রথমে 20% এবং পরে আবার 30% বৃদ্ধি পেল। তাহলে তার মাইনে মোট কত শতাংশ বৃদ্ধি পেল?
(a) 53% (b) 54% (c) 55% (d) 56%

38. 90% of A = 30% of B, যদি B = x% of A হয় তাহলে x-এর মান কত?
(a) 100% (b) 200% (c) 250% (d) 300%

39. একটি দ্রব্য 21000 টাকায় বিক্রি করলে 5% লাভ হয়, কত টাকায় বিক্রি করা হলে 15% লাভ হবে?
(a) 21000 (b) 21500 (c) 22000 (d) 23000

#### উত্তর

1(c), 2(c), 3(d), 4(b), 5(d), 6(d), 7(a), 8(b), 9(c), 10(c), 11(d), 12(a), 13(b), 14(b), 15(c), 16(a), 17(a), 18(c), 19(b), 20(d), 21(d), 22(b), 23(c), 24(a), 25(a), 26(a), 27(c), 28(d), 29(b), 30(c), 31(b), 32(a), 33(c), 34(a), 35(c), 36(b), 37(d), 38(d), 39(d).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

#### সমাধান

9(d): মোট সংখ্যাকে ভগ্নাংশটি দিয়ে ভাগ করতে হবে $7 \div \frac{7}{11} = 7 \times \frac{11}{7} = 11$.

11(a): দেবের লাভ = 180 − 120 = 60 টাকা
লাভের অনুপাত = 60 : 120 = 1 : 2
এখন, $1500 \times 6 : x \times 9 = 1 : 2$
$9000 : 9x = 1 : 2$, $18x = 1800$, $x = 1000$.

12(d): সোহেলের লাভ = 300 − 200 = 100 টাকা
লাভের অনুপাত = 100 : 200 = 1 : 2
এখন, $2000 \times 5 : x \times 10 = 1 : 2$
$10000 : 10x = 1 : 2$
$20x = 10000 \times 2$, $x = 2000$.

*এরপর দশের পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

18(d): রাহুলের লাভ = 120 – 72 = 48 টাকা
লাভের অনুপাত = 48 : 72 = 2 : 3
এখন, 800 × 12 : x × 8 = 2 : 3
9600 : 8x = 2 : 3, 16x = 1800, x = 1800.

22(b): $\frac{n(n+1)}{2} = 100 \times \frac{101}{2} = 5050$

24(d): 171 = 3 × 57 = 3 × 3 × 19 একাধিক উৎপাদক আছে, তাই যৌগিক সংখ্যা।

30(a): 12 ÷ 5 = 2 ভাগফল, 2 ভাগশেষ
অর্থাৎ 4টি ঝুড়িতে 2টি করে এবং 2টি ঝুড়িতে 3টি করে pigeonhole অনুযায়ী।

31(d): মিনিটের কাঁটা = $15 \times 6^\circ = 90^\circ$
ঘণ্টার কাঁটা = $9 \times 30^\circ + 15 \times 0.5^\circ = 277.5^\circ$
কোণ = $277.5^\circ - 90^\circ = 187.5^\circ$
ছোট কোণ = $360^\circ - 187.5^\circ = 172.5^\circ$
নিকটতম উত্তর $180^\circ$.

40(c): বিক্রয়মূল্য = 550 × (1 – 0.20) = 440 টাকা
ক্রয়মূল্য = 440 ÷ 1.15 ≈ 382.6
নিকটতম 380.

41(a): তিনটি সংখ্যা a, b, c, $b^2 = ac$ এবং $abc = 343 = 7^3$
a = b = c = 7

প্রথম ও তৃতীয়ের মধ্য সমানুপাতী = $\sqrt{(ac)} = \sqrt{(7 \times 7)} = 7$.

45(a): মনে করি, সংখ্যা দু'টি x, y

$\therefore x + y = 3\frac{5}{21}, x = 2\frac{3}{7}$

$\therefore y = 3\frac{5}{21} - 2\frac{3}{7} = \frac{68}{21} - \frac{17}{7} = \frac{68-51}{21} = \frac{17}{21}$.

49(b): A : B = 9 : 11
মোট ভাগ = 20, A = $100 \times \frac{9}{20} = 45$
B = 55
45 টাকা এবং 55।

52(d): ল.সা.গু (12, 16, 28) = 336, সংখ্যাটি থেকে 1 বিয়োগ করলে 336 দ্বারা বিভাজ্য হবে ⇒ সংখ্যা = 337.

56(d): A-এর 1 দিনে কাজ = $\frac{1}{9}$

B-এর = $\frac{1}{6}$

(A + B) এর = $\frac{1}{9} + \frac{1}{6} = \frac{5}{18}$ (A + B + C)-এর = $\frac{1}{3}$

C-এর = $\frac{1}{3} - \frac{5}{18} = \frac{6}{18} - \frac{5}{18} = \frac{1}{18}$

C একা = 18 দিন।

62(c): r সারি হলে: $r^2 < 127 \le r^2 + r$ (যদি rটি করে থাকে)
r = 11 : $11^2 = 121$, 127 – 121 = 6
বাগানটিতে 11টি সারি আছে।

65(b): রবির বই = 2x, মধুর = 3x

মধু 6টি কিনলে: $\frac{2x}{(3x+6)} = \frac{1}{3} \Rightarrow 6x = 3x + 6 \Rightarrow x = 2$

রবি = 4, মধু = 6.

75(b): অনুপাত 5 : 13 গ.সা.গু = 11
সংখ্যাদু'টি = 5 × 11 = 55 এবং 13 × 11 =143 ∴ 55, 143.

77(d): গতি = 72 কিলোমিটার/ঘণ্টা = 20 মিটার/সেকেন্ড
মোট দূরত্ব = 80 × 120 = 200 মিটার
সময় = 200 ÷ 20 = 10 সেকেন্ড।

78(a): প্রথম 40 মিনিটে যৌথ দূরত্ব $(60 + 30)\frac{2}{3} = 60$ কিলোমিটার
বাকি দূরত্ব (120 – 60) = 60 কিলোমিটার
ধীর ট্রেনের বাকি সময় $\frac{60}{30} = 2$ ঘণ্টা = 120 মিনিট
মোট সময় (শুরু থেকে): 40 + 120 = 160 মিনিট।

80(c): $\sqrt{2} + \left(-\sqrt{2}\right) = 0$ যা মূলদ
তাই দু'টি অমূলদের যোগফল সর্বদা অমূলদ নয়।

83(c): 2024 সাল লিপ ইয়ার
তাই 12 জানুয়ারি 2025 হবে 2 দিন পরে
শুক্রবার + 2 দিন = রবিবার
এখন 12 জানুয়ারি 2025 থেকে 7 জুন 2025 পর্যন্ত দিন সংখ্যা
19 + 28 + 31 + 30 + 31 + 7 = 146
146 ÷ 7 ⇒ ভাগশেষ 6
রবিবার + 6 দিন = শনিবার।

91(c): বিক্রয়মূল্য = 115 × 1.20 = 138 টাকা

94(c): সরল সুদের নিয়মে 100 ÷ 6.25 = 16 বছরে দ্বিগুণ।

প্রস্তুত করেছেন: কমল বৈদ্য

## ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

69(c): Let Remainder = 25
Divisor = 6 × Remainder = 6 × 25 = 150
Given that the divisor is 10 times the quotient:
Divisor = 10 × Quotient
150 = 10 × Quotient, Quotient = 15
Now use division formula: Dividend = (Divisor × Quotient) + Remainder = (150 × 15) + 25 = 2250 + 25 = 2275.

70(c): To find the angle subtended by arc AB at the center, use the relation: Arc Length/Circumference = Central Angle/360
Given: Arc length = 14 cm, Circumference = 180 cm
So, $\frac{14}{180} = \frac{\theta}{360}$, $\theta = 28^\circ$.

71(d): $\frac{(x+1)}{x^2} = x^2 + \frac{1}{x^2} + 2, x^2 + \frac{1}{x^2} = 225 - 2, x_2 + \frac{1}{x^2} = 223$.

72(b): Assume the total cost price (CP) of all goods = 100 units
Step1: First sale 44% of the goods are sold at 28% profit
CP = 44, SP = 44 × 1.28 = 56.32
Step 2: Second sale
Remaining goods = 100 – 44 = 56
25% of the remaining goods are sold at 48% profit
CP = 56 × 0.25 =14, SP = 14 × 1.48 = 20.72
Step 3: Third sale
Remaining goods: 56 –14 = 42, Sold at 18% loss
CP = 42, SP = 42 × 0.82 = 34.44
Step 4: Total profit Total CP:100
Total SP: 56.32 + 20.72 + 34.44 =111.48
Profit:111.48 –100 = 11.48
Profit percentage: $\frac{11.48}{100} \times 100 = 11.48\%$

73(b): Given: Simple Interest (SI) = 480 Rate (R) = 15% per annum Time (T) = 2 years Using the formula: SI $= \frac{(P \times R \times T)}{100}$, 3P = 4800, P = 1600.

74(d): 33% of 497 = 71% of x
$\frac{33}{100} \times 497 = \frac{71}{100} \times x$, x = 231

75(a): Given:Diameter of sphere = 24 cm
Radius of sphere R =12 cm
$V_s = \frac{4}{3}\pi R^3, V_s = 2304\,\pi\,cm^3$
Number of cones = $V_s/V_c = 2304, \frac{\pi}{48}\pi = 48$.

76(a): Profit is divided in the ratio of Capital × Time.
Step 1: Calculate capital-time products
A 45000 × 12 = 540000, B 60000 × 12 = 720000
C joins after 4 months, so invests for 12 – 4 = 8 months
75000 × 8 = 600000
Thus, the profit-sharing ratio is:540000:720000:600000 divided by 60000
9 : 12 : 10
Step 2: Total parts 9 +12 +10 = 31
Value of 1 part: $\frac{62000}{31} = 2000$
Step 3: Shares of B and C B's share: 12 × 2000 = 24000
C's share: 10 × 2000 = 20000
Step 4: Difference 24000 – 20000 = 4000.

77(b): Let the capacity of the tank be 1 unit.The filling pipe fills the tank in 5 hours. Filling rate = $\frac{1}{5}$ tank per hour. The emptying pipe empties the tank in 10 hours.Emptying rate = $\frac{1}{10}$ tank per hour.
When both pipes work together, the net filling rate is: $\frac{1}{5} - \frac{1}{10}$ $= \frac{(2-1)}{10} = \frac{1}{10}$
So, together they fill $\frac{1}{10}$ of the tank per hour.Therefore, the time required to fill the tank is: $\frac{1}{1/10} = 10$

78(d): Let the total work = 1 unit.
Step 1: Find the daily work of 10 men and 15 boys
Since they complete the work in 6 days,
$10M + 15B = \frac{1}{6}$ where M = work done by one man in one day, and B = work done by one boy in one day.
Step 2: Find the work done by one man One man completes the work in 100 days: $M = \frac{1}{100}$, $10\left(\frac{1}{100}\right) + 15B = \frac{1}{6}$
$B = \frac{1}{225}$, Time = $\frac{1}{B} = 225$.

79(c): Marked price of the watch = 75,000
Step 1: Calculate the 18% discount,
18% of 75,000 = $\frac{18}{100} \times 75000 = 13,500$
price after 18% discount:75,000 –13,500 = 61,500
Step 2: Subtract the additional 5,000
61,500 – 5,000 = 56,500.

80(b): Let the initial investments be: P : Q : R = 6 : 3 : 15
Assume investments are: P = 6x, Q = 3x, R = 15x
Step 1: Calculate capital-months P keeps his full investment for 12 months: 6x × 12 = 72x
Q After 5 months, Q withdraws 80% of his share, so only 20% remains. Remaining investment: 20% of 3x = 0.6x
Capital – months:3x× 5 + 0.6x × 7 =15x + 4.2x = 19.2x
R withdraws 52% of his share 4 months before the end of the year (i.e., after 8 months)
Remaining investment: 48% of 15x = 7.2x
Capital-months:15x × 8 + 7.2x × 4 =120x + 28.8x = 148.8x
Step 2: Profit-sharing ratio P : Q : R = 72 : 19.2 : 148.8
Multiply by 10 : 720 :192 :1488
Divide by 24 : 30 : 8 : 62, Total parts: 30 + 8 + 62 =100
Step 3: R's share of profit R's share = $\frac{62}{100} \times 29900 = 18538$.

81(d): The profit is divided in the ratio of their investments
Step 1: Write the investment ratio 30000 : 45000 : 60000
Divide by 15000 : 2 : 3 : 4, Total parts: 2 + 3 + 4 = 9
Step 2: Find Alex's share Alex's Share = $\frac{2}{9} \times 27000 = 6000$.

82(d): Let the cost price per kg of rice A be A and that of rice B be B.Given:Rice A and B are mixed in the ratio 3 : 5.
Profit on rice A = 20%. Loss on rice B = 10% Overall profit = 8%
Step 1: Calculate the Cost Price (CP) of the mixture CP = 3A + 5B
Step 2: Calculate the Selling Price (SP) of the mixture Rice A is sold at a 20% profit: SP of A = 3A × 1.20 = 3.6A
Rice B is sold at a 10% loss: SP of B =5B × 0.90 = 4.5B
Therefore, SP of mixture = 3.6A + 4.5B
Step 3: Use the overall profit of 8%
SP = 1.08(3A + 5B) 3.6A + 4.5B = 3.24A + 5.4B
Step 4: Solve for the ratio A : B 3.6A –3.24A = 5.4B – 4.5B
0.36A = 0.9B or, $\frac{A}{B} = \frac{5}{2} = 5 : 2$.

83(b): To find the average speed, use:Average Speed = Total Distance/Total Time
Step 1: Calculate the total distance between A and B = 180 km
B and C = 240 km C and B = 240 km B & A = 180 km
Total Distance =180 +240 + 240 + 180 = 840 km
Step 2: Calculate the total time A and B Time = $\frac{180}{45} = 4$ h,
B and C Time = $\frac{240}{60} = 4$h
C and B Time = $\frac{240}{40} = 6$h, B and A Time = $\frac{180}{30} = 6$h
Total Time = 4 + 4 + 6 + 6 =20h
Step 3: Find the average speed Average Speed = $\frac{840}{20} = 42$ km/h.

84(d): The mean proportional between two numbers a and b is the geometric mean: Mean Proportional = $\sqrt{ab} = \sqrt{36 \times 81}$ $= \sqrt{2916} = 54$.

85(d): Given:Marked Price (MP) = 2000 First discount = 20% Second discount = 10%
Method 1: Find the Selling Price directly After 20% discount:2000 × $\frac{80}{100}$ =1600
After an additional 10% discount: $\left(1600 \times \frac{90}{100}\right) = 1440$
So, the Selling Price = 1440
Method 2: Find the Equivalent Discount Successive discount formula: Equivalent Discount=a+b-(ab/100)=20+10-(20×10)/100=30-2 =28% Answer:Equivalent Discount = 28% Selling Price = 1440.

86(a): The coding pattern is UNGIMMICKY UNGIM | MICKY
Reverse each half separately: UNGIM
MIGNU MICKY ? YKCIM
So, UNGIMMICKY MIGNUYKCIM
Now apply the same rule to COMPLEXITY: COMPL LPMOC EXITY YTIXE
Therefore COMPLEXITY LPMOCYTIXE.

87(a): 2 alone is sufficient while 1 alone is insufficient.

88(b): (Difference: + 4, + 6, + 8, +10, +12)

89(a): (Each letter shifted by +1)

96(c): (+2, +3, + 4, + 5, + 6)

98(c): Since opposite pairs are1 – 6 2– 5
Therefore the remaining pair must be 3– 4.

প্রস্তুত করেছেন: গোবিন্দ সাহা

# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## গ্রামীণ স্বায়ত্তশাসন ব্যবস্থা (Rural Self Government)

### ভূমিকা

পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ব্যবস্থার যাত্রা শুরু হয় ১৯৫৭ সালে। ওই বছর প্রণীত 'পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন'-এর ভিত্তিতে ১৯৫৮ সালে ২,৯২৬টি অঞ্চল পঞ্চায়েত এবং ১৯,৬৬২টি গ্রাম পঞ্চায়েতকে নিয়ে দ্বি-স্তরবিশিষ্ট পঞ্চায়েত ব্যবস্থা চালু হয়। এর পর ১৯৬৩ সালে প্রণীত 'পশ্চিমবঙ্গ জেলা পরিষদ আইন'-এ আরও দুটি স্তর গঠনের কথা বলা হয়, যথা, আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ। ওই আইনের উপর ভিত্তি করে ৩২৫টি আঞ্চলিক পরিষদ ও ১৫টি জেলা পরিষদ গঠিত হয়। এইভাবে পশ্চিমবঙ্গে চার-স্তরবিশিষ্ট পঞ্চায়েত ব্যবস্থা গড়ে ওঠে। কিন্তু ষাটের দশকের রাজনৈতিক অস্থিরতা, ভারত-পাকিস্তান যুদ্ধ, জাতীয় জরুরি অবস্থা ঘোষণা প্রভৃতির সঙ্গে সঙ্গে ক্ষমতা বিকেন্দ্রীকরণের পরিবর্তে ক্ষমতা কেন্দ্রীকরণের সরকারি প্রয়াস পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ব্যবস্থার স্বাভাবিক অগ্রগতির পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছিল। তাছাড়া, গ্রামীণ জনগণের সক্রিয় অংশগ্রহণের সুযোগ না থাকায় এবং পঞ্চায়েত ব্যবস্থার ওপর অত্যধিক পরিমাণে সরকারি নিয়ন্ত্রণের ফলে এখানে পঞ্চায়েত ব্যবস্থার মূল উদ্দেশ্য ব্যাহত হতে থাকে। এমতাবস্থায় ১৯৭৩ সালে তদানীন্তন কংগ্রেস সরকার একটি পূর্ণাঙ্গ পঞ্চায়েত আইন প্রণয়ন করে। এই নতুন আইনে চার-স্তরবিশিষ্ট পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তে ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থা প্রবর্তনের কথা বলা হয়। ১৯৭৪ সালের জানুয়ারি মাসে নতুন পঞ্চায়েত আইন তৎকালীন রাষ্ট্রপতি অনুমোদন দেন। পশ্চিমবঙ্গের তদানীন্তন কংগ্রেস সরকার নতুন পঞ্চায়েত আইন প্রণয়ন করলেও তার ভিত্তিতে পঞ্চায়েত নির্বাচন করার ব্যাপারে কোনও উদ্যোগ গ্রহণ করেনি। ১৯৭৭ সালে বামফ্রন্টের নির্বাচনী ইশতেহারে যে ৩৬দফা কর্মসূচি ঘোষণা করা হয়েছিল, তার মধ্যে পঞ্চায়েত নির্বাচনের ব্যবস্থা করার এবং নির্বাচিত পঞ্চায়েতের হাতে ক্ষমতা প্রদান করার কথা বলা হয়। এই নির্বাচনে জয়লাভ করার পর পূর্ব ঘোষিত প্রতিশ্রুতি অনুযায়ী বামফ্রন্ট ১৯৭৮ সালে ত্রি-স্তরবিশিষ্ট পঞ্চায়েত নির্বাচনের ব্যবস্থা করে। পশ্চিমবঙ্গের নতুন পঞ্চায়েত আইনে যে ত্রি-স্তরবিশিষ্ট পঞ্চায়েত ব্যবস্থার কথা বলা হয়েছে, সেই তিনটি স্তর হল—

(১) গ্রাম পঞ্চায়েত
(২) পঞ্চায়েত সমিতি
(৩) জেলা পরিষদ।

প্রসঙ্গত বলা যেতে পারে, ১৯৯২ সালে প্রণীত ৭৩তম সংবিধান সংশোধনী আইনে ভারতের প্রতিটি রাজ্যে ত্রি-স্তরবিশিষ্ট পঞ্চায়েত ব্যবস্থার প্রবর্তন বাধ্যতামূলক করা হয়েছে। তবে যে রাজ্যের মোট জনসংখ্যা ২০ লক্ষের বেশি নয়, সেখানে পঞ্চায়েতের কোনও মধ্যবর্তী স্তর থাকবে না। এরূপ রাজ্যে গ্রাম স্তর এবং জেলা স্তর নিয়ে দ্বি-স্তর বিশিষ্ট পঞ্চায়েত প্রতিষ্ঠিত হবে।

## গ্রাম পঞ্চায়েত (Gram Panchayat)

### গঠন

☐ পশ্চিমবঙ্গ গ্রামীণ স্বায়ত্তশাসনের সর্বনিম্ন স্তরে গ্রাম পঞ্চায়েতের অবস্থান। কোনও একটি মৌজা কিংবা তার কোনও অংশ অথবা পরস্পর সংলগ্ন কয়েকটি মৌজার সমষ্টি বা তাদের অংশসমূহকে নিয়ে এক একটি গ্রাম গঠিত হবে বলে ১৯৭৩ সালের পঞ্চায়েত আইনে বলা হয়।

☐ রাজ্য-সরকার প্রতিটি গ্রামের জন্য গ্রামের নাম অনুসারে গ্রাম পঞ্চায়েত গঠন করে। যেসব গ্রামবাসী পশ্চিমবঙ্গ বিধানসভার ভোটার হিসাবে নিজেদের নাম ভোটার তালিকায় নথিভুক্ত করেছেন, তাঁরা গোপন ভোটদান পদ্ধতির মাধ্যমে গ্রাম পঞ্চায়েতের সদস্যদের নির্বাচিত করতে পারেন।

☐ গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্যসংখ্যা কমপক্ষে ৫ এবং সর্বাধিক ৩০ হতে পারে। কোনও গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্যসংখ্যা কত হবে, তা পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নিযুক্ত ভারপ্রাপ্ত আধিকারিক স্থির করে দেন।

☐১৯৯২ সালে প্রণীত ৭৩তম সংবিধান সংশোধনী আইনের সঙ্গে সাযুজ্য রেখে ওই বছর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন সংশোধনের মাধ্যমে আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এই সংশোধনী আইন অনুসারে প্রতিটি গ্রাম পঞ্চায়েতের মোট জনসংখ্যার আনুপাতিক হারে তফসিলি জাতি ও উপজাতিগুলির জন্য অন্তত এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

☐ একটি গ্রাম পঞ্চায়েতের মোট আসন সংখ্যার অন্তত এক-তৃতীয়াংশ মহিলাদের জন্য সংরক্ষিত রাখা হয়।

☐ আবার, ১৯৯৭ সালের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত সংশোধনী আইন অনুসারে বর্তমানে প্রধান ও উপপ্রধানের পদও তফসিলি জাতি ও উপজাতি এবং মহিলাদের জন্য সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

☐ পূর্বোক্ত নির্বাচিত সদস্যরা ছাড়াও সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত থেকে নির্বাচিত পঞ্চায়েত সমিতির সদস্যবৃন্দ (সভাপতি ও সহকারি সভাপতি বাদে) গ্রাম পঞ্চায়েতের সদস্য বলে বিবেচিত হন।

☐ ব্লক উন্নয়ন আধিকারিক কর্তৃক আহূত গ্রাম পঞ্চায়েতের প্রথম সভায় সদস্যগণ নিজেদের মধ্য থেকে একজনকে প্রধান এবং অন্য একজনকে উপপ্রধান পদে নির্বাচিত করেন।

☐ প্রধান ও উপপ্রধান-সহ গ্রাম পঞ্চায়েতের সদস্যদের কার্যকালের মেয়াদ ৫ বছর।

### গ্রাম সংসদ

☐ ৭৩-তম সংবিধান সংশোধনী আইনে গ্রাম সংসদের কোনও উল্লেখ না থাকলেও ১৯৯৪ সালের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত সংশোধনী আইন অনুসারে পশ্চিমবঙ্গে গ্রাম পঞ্চায়েতের প্রতিটি নির্বাচনী কেন্দ্রের ভোটদাতাদের নিয়ে একটি করে গ্রাম সংসদ গঠিত হয়।

☐ সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার প্রত্যেক ভোটদাতা হল ওই গ্রাম সংসদের সদস্য।

☐ গ্রাম পঞ্চায়েত কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময় অনুসারে প্রধান সাধারণত মে এবং নভেম্বর মাসে গ্রাম সংসদের যথাক্রমে বাৎসরিক ও ষাণ্মাসিক সভা আহ্বান করেন।

☐ সভায় সভাপতিত্ব করেন প্রধান কিংবা তাঁর অনুপস্থিতিতে উপপ্রধান।

☐ গ্রাম সংসদের সভায় কোরামের জন্য মোট সদস্যদের ১/১০ অংশের উপস্থিতি প্রয়োজন। কোরাম না হলে ওই সভা মুলতবি বলে গণ্য হবে। যেদিন সভা মুলতবি হবে, ঠিক তার সাত দিনের মাথায় একই স্থানে এবং একই সময়ে মুলতবি সভা অনুষ্ঠিত হবে। ওই সভায় কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অন্তত ৫ শতাংশ সদস্যের উপস্থিতি অবশ্যই প্রয়োজন।

**গ্রাম সংসদের কার্যাবলির মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ হল—**

✓ নিজ এলাকায় বিভিন্ন প্রকল্প এবং সামাজিক ন্যায়ের প্রশ্নে প্রয়োজনীয় নির্দেশ ও উপদেশ দেওয়া।

✓ গ্রামের অর্থনৈতিক উন্নতির জন্য কোন কোন প্রকল্প অগ্রাধিকার পাবে, তা নির্ধারণ করা।

✓ বিভিন্ন প্রকল্পের বা দারিদ্র্য দূরীকরণ কর্মসূচির উপকারভোগীদের কমিটি গঠন করা। এলাকার এক বা একাধিক প্রকল্পের রূপায়ণ, রক্ষণাবেক্ষণ ও সমবণ্টনে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করাই হল এরূপ কমিটির কাজ।

✓ বয়স্কদের শিক্ষা, সমাজকল্যাণ, পরিবার কল্যাণ ও শিশুকল্যাণ কর্মসূচির ক্ষেত্রে গণউদ্যোগ তৈরি করা।

✓ জাতি, ধর্ম, বর্ণ ও সম্প্রদায় প্রভৃতি নির্বিশেষে মানুষের মধ্যে সংহতি ও সম্প্রীতি বজায় রাখার জন্য উদ্যোগ গ্রহণ করা।

✓ প্রধান বা পঞ্চায়েতের কোনও সদস্য উন্নয়ন প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন না করলে তাঁদের ত্রুটিবিচ্যুতি ও দায়িত্বহীনতা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

### গ্রাম সভা

৭৩-তম সংবিধান সংশোধনী আইনে গ্রাম পঞ্চায়েত স্তরে একটি করে গ্রাম সভা গঠনের কথা বলা হয়েছে। এই আইনের সঙ্গে সাযুজ্য রক্ষার জন্য ১৯৯৪ সালে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন সংশোধন করা হয়। ওই সংশোধনী আইনে প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকার সব ভোটারকে নিয়ে একটি গ্রাম সভা গঠনের কথা বলা হয়েছে। সংশ্লিষ্ট এলাকার প্রত্যেক ভোটার হলেন গ্রাম সভার সদস্য। প্রতি বছর ডিসেম্বর মাসে বার্ষিক গ্রাম সভা আহ্বান করা হয়। মোট সদস্যদের ১/২০ অংশ উপস্থিত থাকলে সভার কোরাম হয়। প্রধানের অনুপস্থিতিতে উপপ্রধান এই সভায় সভাপতিত্ব করেন। গ্রাম সংসদের এক্তিয়ারভুক্ত যে-কোনও বিষয়ে গ্রাম সভা মতামত দিতে পারে। তা ছাড়া, গ্রাম পঞ্চায়েতের বাজেট, কর্মসূচি, বার্ষিক পরিকল্পনা, সর্বশেষ অডিট রিপোর্ট, বিগত বছরের আয়ব্যয়, কাজের হিসাব প্রভৃতি গ্রাম সভাতে পেশ করতে হয়। সর্বোপরি, সব গ্রাম সংসদের সিদ্ধান্ত গ্রাম পঞ্চায়েতের মতামত-সহ গ্রাম সভায় পেশ করা হলে সেগুলি সম্পর্কে সভা সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

### গ্রাম উন্নয়ন কমিটি

গ্রাম পঞ্চায়েতগুলি যাতে গ্রামবাসীদের ইচ্ছানুযায়ী উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণ করতে বাধ্য থাকে, সেজন্য ২০০৩ সালের জুলাই মাসে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন সংশোধনের মাধ্যমে প্রতিটি গ্রাম সংসদ এলাকায় 'গ্রাম উন্নয়ন কমিটি' নামে একটি নতুন সংস্থা গঠনের কথা বলা হয়। পঞ্চায়েত প্রধানরা যাতে নিজেদের ইচ্ছামতো কাজ করতে না পারেন, সেজন্য গ্রাম উন্নয়ন কমিটিতে কতকগুলি উপকমিটি গঠনের কথাও এই আইনে বলা হয়েছে। তাছাড়া, এই আইন অনুসারে গ্রাম সংসদের নির্ধারিত পরিকল্পনা গ্রাম পঞ্চায়েত মেনে নিতে বাধ্য।

### ক্ষমতা ও কার্যাবলি

গ্রাম পঞ্চায়েতের ক্ষমতা ও কার্যাবলিকে তিনটি ভাগে ভাগ করা হয়, যথা;
(ক) অবশ্য পালনীয় কাজ (Obligatory duties)
(খ) অন্যান্য কাজ (Other duties) এবং
(গ) ইচ্ছাধীন কাজ (Discretionary duties)

### অবশ্য পালনীয় কাজ

✓ জনস্বাস্থ্য সংরক্ষণ, ময়লা নিষ্কাশন ও জল নিকাশির ব্যবস্থা করা এবং অপরিচ্ছন্নতা নিবারণ করা।

✓ম্যালেরিয়া, গুটিবসন্ত, কলেরা ও অন্যান্য মহামারি-নিবারক ব্যবস্থা গ্রহণ করা।

✓ পানীয় জল সরবরাহ, জলাধার পরিষ্কার ও তা জীবাণুমুক্ত রাখা।

✓ জলপথ রক্ষণাবেক্ষণ, খেয়াঘাট মেরামত ও নির্মাণ করা।

✓ রাস্তাঘাট ও সর্বজনীন স্থানে জবরদখল অপসারণ করা

✓ গ্রাম পঞ্চায়েতের অধীনস্থ কোনও ঘরবাড়ি বা সম্পত্তি সংরক্ষণ বা মেরামত করা।

✓ সর্বজনীন পুকুর, সাধারণের গোচারণ ক্ষেত্র, শ্মশানঘাট ও সর্বজনীন কবরখানা পরিচালনা ও তত্ত্বাবধান করা।

✓ জেলাশাসক, জেলা পরিষদ অথবা পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের এলাকাভুক্ত কোনও বিষয় সম্পর্কে কোনও তথ্য কিংবা সংবাদ জানতে চাইলে তা সরবরাহ করা।

✓ সমাজ ও অঞ্চলের উন্নয়ন কার্যাদির জন্য স্বেচ্ছাশ্রম সংগঠিত করা।

✓ গ্রাম পঞ্চায়েতের তহবিল নিয়ন্ত্রণ ও পরিচালনা করা।

✓ পঞ্চায়েত আইনে প্রদত্ত ক্ষমতানুসারে কর নির্ধারণ ও আদায় করা।

✓ নিজ নিজ এলাকায় চৌকিদারদের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করা।

✓ পঞ্চায়েত আইন অনুযায়ী ন্যায় পঞ্চায়েত গঠন ও পরিচালনা করা ।

✓ অপরের জমিতে গবাদি পশুর অনধিকার প্রবেশ বন্ধ করা।

### অন্যান্য কাজ

✓ প্রাথমিক, সামাজিক, প্রযুক্তিগত, বৃত্তিমূলক, বয়স্ক অথবা প্রথাবহির্ভূত শিক্ষাদানের ব্যবস্থা করা।

✓ গ্রামীণ ঔষধালয়, স্বাস্থ্যকেন্দ্র, প্রসূতিসদন ও শিশুহাসপাতাল স্থাপন করা।

✓ খেয়াঘাট পরিচালনা করা।

✓ ক্ষুদ্র সেচ, জল পরিকল্পনা ও জলবিভাজিকার উন্নতি সাধন সহ জলসেচের ব্যবস্থা করা।

✓ কৃষিকাজের সম্প্রসারণ এবং জ্বালানি ও গবাদিপশুর খাদ্য সহ কৃষির উন্নতিসাধন করা।

✓ রুগ্ণ ও অনাথদের তত্ত্বাবধান করা।

✓ বাস্তু বা গৃহ হারাদের পুনর্বাসনের ব্যবস্থা করা।

✓উন্নত প্রজাতির গবাদি পশুর প্রজনন, চিকিৎসা ও রোগ প্রতিরোধ ব্যবস্থা করা।

✓ গ্রামে সরকারি সাহায্য পৌঁছে দেওয়ার মাধ্যম হিসেবে কাজ করা।

✓ জমির উন্নতিসাধন ও মৃত্তিকা সংরক্ষণের জন্য পতিত জমিতে চাষের ব্যবস্থা করা।

✓ গ্রামে অবস্থিত বাগানের উন্নতিসাধন, সামাজিক বনসৃজন ও ফার্ম তৈরি করা।

✓ অনুর্বর জমিকে চাষের উপযোগী করে গড়ে তোলা।

✓ সমবায় ভিত্তিতে গ্রামের জমি ও অন্যান্য সম্পদ পরিচালনার ব্যবস্থা করা।

✓ ভূমিসংস্কার আইনকে বাস্তবায়িত করতে সাহায্য করা।

✓ যেসব প্রকল্পকে কার্যে পরিণত করার দায়িত্ব রাজ্য-সরকার পঞ্চায়েতের হাতে প্রদান করেছে, সেইসব দায়িত্ব পালন করা।

✓ রাজ্য-সরকার কর্তৃক গৃহীত উন্নয়নমূলক জনহিতকর কাজের পক্ষে ব্যাপক প্রচারকার্য চালানো।

✓ বনজ দ্রব্য উৎপাদনের ব্যবস্থা করা।

✓ গ্রামীণ গৃহনির্মাণ কর্মসূচি গ্রহণ করা।

✓ বিদ্যুৎ বণ্টন-সহ গ্রামীণ এলাকা বৈদ্যুতীকরণের ব্যবস্থা করা।

✓ প্রথাবহির্ভূত শক্তির উৎস অনুসন্ধান করা।

✓ মহিলা ও শিশুদের উন্নতিসাধনের জন্য চেষ্টা করা।

### ইচ্ছাধীন কর্তব্য

✓ জনসাধারণ কর্তৃক ব্যবহৃত রাস্তায় আলোর ব্যবস্থাপনা।

✓ জনপথের ধারে এবং অন্যান্য সর্বজনীন স্থানে বৃক্ষরোপণ ও সংরক্ষণ।

✓ কুয়ো, পুকুর ও দিঘি খনন।

✓ সমবায়মূলক কৃষি-বিপণি এবং অন্যান্য সমবায়ভিত্তিক বাণিজ্যের প্রবর্তন ও উন্নতিসাধন।

✓ বাজার স্থাপন ও নিয়ন্ত্রণ, আনন্দানুষ্ঠান, মেলা ও হাট স্থাপন ও নিয়ন্ত্রণ এবং স্থানীয় কৃষিজাত দ্রব্য, স্থানীয় হস্তশিল্প ও কুটির শিল্পজাত প্রদর্শনীর জন্য ব্যবস্থা গ্রহণ।

✓ সার মজুত করার জন্য স্থান নির্ণয়।

✓ সরকারি ঋণদান, বিতরণ ও পরিশোধের বিষয়ে কৃষকদের সাহায্য ও পরামর্শদান।

✓ অস্বাস্থ্যকর নিচু জমি ভরাট ও অনুরূপ স্থানসমূহের উন্নতিসাধন।

✓ খাদি ও গ্রামীণ শিল্প-সহ কুটিরশিল্পের উন্নতিবিধান ও এরূপ শিল্পকে উৎসাহদান।

✓ দুগ্ধ উৎপাদন ও মুরগি পালন ব্যবস্থার উন্নতিসাধন।

✓ মৎস্য চাষের বিকাশ সাধন।

✓ দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি গ্রহণ।

✓ নির্ধারিত নিয়মে খাদ্যদ্রব্য এবং অন্যান্য সামগ্রীর উৎপাদন ও বণ্টন ব্যবস্থার নিয়ন্ত্রণ।

✓ সরাইখানা, ধর্মশালা, বিশ্রামাগার, গবাদিপশুর গোয়াল এবং মনুষ্য কিংবা পশুবাহিত দু-চাকার গাড়ি দাঁড়াবার স্থান নির্মাণ ও সংরক্ষণ।

✓ বেওয়ারিশ গবাদিপশুর ব্যবস্থা গ্রহণ।

✓ বেওয়ারিশ শব ও জীবজন্তুর ব্যবস্থা গ্রহণ।

✓ গ্রন্থাগার এবং পাঠাগার স্থাপন ও রক্ষণাবেক্ষণ।

✓ ক্লাব ও আমোদপ্রমোদ বা খেলাধুলার জন্য প্রতিষ্ঠান সংগঠন ও সংরক্ষণ।

✓ খেলাধুলা-সহ সাংস্কৃতিক কার্যাবলির বিকাশ সাধন।

✓ প্রতিবন্ধী ও মানসিক দিক থেকে পিছিয়ে থাকা ব্যক্তির কল্যাণ ও সামাজিক কল্যাণকর কর্মসূচি গ্রহণ।

✓ সামাজিক ও শিক্ষাগত দিক থেকে অনগ্রসর শ্রেণির কল্যাণ সাধন করা।

✓ গণবণ্টন ব্যবস্থার উন্নতিসাধন।

✓ সম্প্রদায়গত সম্পত্তির রক্ষণাবেক্ষণ।

✓ আদমসুমারি, কৃষিপণ্য, গবাদিপশু, বেকার ব্যক্তি এবং অন্যান্য বিষয়ে পরিসংখ্যান সংক্রান্ত নথিপত্র সংরক্ষণ।

✓ অগ্নিকাণ্ড ঘটলে অগ্নিনির্বাপণ এবং মানুষের জীবন ও সম্পত্তি রক্ষায় সহায়তাদান।

✓ চুরি-ডাকাতি নিবারণে সাহায্য করা এবং জনস্বাস্থ্য, জনস্বাচ্ছন্দ্য বিষয়ে কাজ করা।

*আরও আগামী পর্বে*

# কলকাতায় চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউটে অ্যাপ্রেন্টিসশিপ

**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন বিভাগে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট (সিএনসিআই কলকাতা)। ট্রেনিং হবে কলকাতার নিউটাউনে চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউটের দ্বিতীয় ক্যাম্পাসে।

অ্যাপ্রেন্টিসশিপ প্রোগ্রাম অনুসারে আসনসংখ্যা ও যোগ্যতা, ট্রেনিংয়ের মেয়াদ ও স্টাইপেন্ড—

**১) ডেপুটি ডিউটি ম্যানেজার:** আসনসংখ্যা ৮টি। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। যাঁরা ব্যাচেলর্স ডিগ্রি কোর্স পড়ছেন, তাঁরাও আবেদনের যোগ্য। ১ বছরের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৯,৬০০ টাকা।

**২) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট (ভি-থ্রি):** আসনসংখ্যা ৪টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক। ১ বছরের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৮,২০০ টাকা।

**৩) ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান:** আসনসংখ্যা ১টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। ৩৭ মাসের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৮,২০০ টাকা।

**৪) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (রেডিওলজি):** আসনসংখ্যা ১টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি নিয়ে পড়ে উচ্চ মাধ্যমিক পাশ। ১৫ মাসের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৯,৬০০ টাকা।

**৫) পেশেন্ট কাউন্সেলর:** আসনসংখ্যা ৪টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি ডিগ্রি। নিউট্রিশন ও ডায়েটেটিক্সের ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। ১ বছরের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ১২,৩০০ টাকা।

**৬) অপারেশন থিয়েটার টেকনিশিয়ান:** আসনসংখ্যা ২টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান বা আর্টস শাখায় উচ্চ মাধ্যমিক পাশ অথবা ওটি টেকনিশিয়ান ট্রেডে ডিপ্লোমা। ১৮০ দিনের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৯,৬০০ টাকা।

**৭) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি):** আসনসংখ্যা ৪টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি নিয়ে উচ্চ মাধ্যমিক। প্রশিক্ষণের মেয়াদ ১৫ মাস। স্টাইপেন্ড: মাসে ৯,৬০০ টাকা।

**৮) ইমার্জেন্সি কেয়ার অ্যাসিস্ট্যান্ট:** আসনসংখ্যা ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক ও ২ বছরের আইটিআই কোর্স পাশ। ১ বছরের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৮,২০০ টাকা।

**৯) মেডিক্যাল রেকর্ডস অ্যাসিস্ট্যান্ট:** আসনসংখ্যা ৪টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। ১ বছরের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৯,৬০০ টাকা।

**১০) ফ্রন্টলাইন হেল্থ কেয়ার অ্যাসোসিয়েট:** আসনসংখ্যা ১০টি। শিক্ষাগত যোগ্যতা: আর্টস শাখায় উচ্চ মাধ্যমিক। ২৭০ দিনের প্রশিক্ষণ। স্টাইপেন্ড: মাসে ৯,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। আবেদন করতে হবে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ প্রমোশন স্কিমের (এনএপিএস) এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.apprenticeshipindia.gov.in/ আগে এই ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করে নিতে হবে। তারপর সিএনসিআই কলকাতার অ্যাপ্রেন্টিসশিপ প্রোগ্রামটি খুঁজে নিয়ে আবেদন করতে হবে। আবেদনের শেষ দিন ৩ অগস্ট। প্রতিষ্ঠানের ওয়েবসাইট: https://cnci.ac.in/

# দিল্লি সরকারে ৭০৪

## ভাইস প্রিন্সিপাল

দিল্লি সরকারের শিক্ষা দফতরে ভাইস প্রিন্সিপাল পদে ৭০৪ জনকে নেবে দিল্লি সরকার। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 51/2026.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর 26075102725:** সাধারণ ২৮৭, তফসিলি জাতি ১০৩, তফসিলি উপজাতি ৫৪, ওবিসি ১৮৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭১। মোট শূন্যপদের মধ্যে ২৮টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে বি এড। সেই সঙ্গে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার হিসেবে ২ বছর বা ট্রেন্ড-গ্র্যাজুয়েট টিচার হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।


**বয়স:** ১৪-৮-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। রাজ্যের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in দরখাস্তের শেষ তারিখ ১৪ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), স্ক্যান করা ফটো, কালো কালিতে করা সই-সহ প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। দরখাস্তের ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। ফি জমা দিতে হবে অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নিজের কাছে রেখে দেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নিজের কাছে রেখে দেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://upsc.gov.in




# বায়ুসেনায় বাদ্যযন্ত্রী

র‍্যালির মাধ্যমে বেশ কিছু বাদ্যযন্ত্রী নিয়োগ করবে ভারতীয় বায়ুসেনা। নিয়োগ করা হবে অগ্নিবীর বায়ু মিউজিশিয়ান এন্ট্রিতে। অবিবাহিত পুরুষ ও মহিলারা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০১/২০২৭ ব্যাচে। র‍্যালি হবে নয়াদিল্লি ও বেঙ্গালুরুতে। র‍্যালি ৩১ অগস্ট থেকে ৯ সেপ্টেম্বর।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। নির্দিষ্ট বাদ্যযন্ত্র বাজানোয় দক্ষতা থাকতে হবে। বাদ্যযন্ত্রগুলি হল— **তালিকা-'এ':** কনসার্ট ফ্লুট/পিকোলো, ওবো, ক্ল্যারিনেট, স্যাক্সোফোন, ফ্রেঞ্চ হর্ন, ট্রাম্পেট, ট্রমবোন, ব্যারিটোন, ইউফোনিয়াম, বাস বা টুবা। **তালিকা-'বি':** কি বোর্ড/অর্গান/পিয়ানো, গিটার (অ্যাকুস্টিক/লিড/বাস), ভায়োলিন, ভায়োলা, স্ট্রিং বাস, পারকাশন/ড্রাম (অ্যাকুস্টিক/ইলেক্ট্রনিক), যে-কোনও ভারতীয় ধ্রুপদী বাদ্যযন্ত্র। তালিকা-'এ' ও তালিকা-'বি' থেকে অন্তত ১টি করে, মোট ২টি যন্ত্র বাজাতে জানলে অগ্রাধিকার পাবেন। গান গাইতে জানতে হবে। সংশ্লিষ্ট বাদ্যযন্ত্র বাজানোয় দক্ষতার প্রমাণস্বরূপ কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত গ্রেড-৫ বা সমতুল সার্টিফিকেট অথবা হিন্দুস্থানি বা কর্ণাটকী সঙ্গীতে ডিপ্লোমা অথবা বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের সার্টিফিকেট থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৬২ সেমি, মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি পুরুষদের ক্ষেত্রে অন্তত ৭৭ সেমি। পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রেই বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। ৬ মিটার দূর থেকে ফিসফিস করে বলা কথা পৃথক ভাবে দুই কানে স্পষ্ট শোনার ক্ষমতা থাকতে হবে। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া উভয় চোখে ৬/১২, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া থাকলে প্লাস ২.০ ডি, মায়োপিয়া থাকলে মাইনাস ১.০ ডি (অস্টিগম্যাটিজম থাকলে প্লাস মাইনাস ০.৫০ডি)-র মধ্যে হতে হবে। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে।

**বয়স:** জন্ম তারিখ হতে হবে ১-১-২০০৫ থেকে ১-৭-২০০৯-এর মধ্যে।

**বেতন:** প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

চার বছরের মেয়াদ শেষে বায়ুসেনায় শর্তানুসারে চাকরির সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর সেনাবাহিনীতে স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকি ৭৫ শতাংশ অগ্নিবীর অবসরের পর যাতে বিকল্প জীবিকা খুঁজে নিতে পারেন সে জন্য আর্থিক অঙ্কে বিশেষ সেবা নিধি প্যাকেজ দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগসুবিধা তাঁরা পাবেন না।

প্রার্থী বাছাই করা হবে নথিপত্র যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত ইংরেজি ভাষার পরীক্ষা, বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিলোমিটার দৌড়, ১ মিনিটে ২০টি স্কোয়াট (মহিলাদের ক্ষেত্রে ১৫টি ওঠ-বোস), ১ মিনিটে ১০টি সিট আপ (মহিলাদের ক্ষেত্রে দেড় মিনিটে) এবং কেবল পুরুষদের ক্ষেত্রে ১ মিনিটে ১০টি পুশ আপ। প্রতিটি ইভেন্টের মধ্যে যথাযথ বিশ্রামের সময় দেওয়া হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের ইংরেজি ভাষার পরীক্ষা হবে। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় আধ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

**র‍্যালির ঠিকানা:** 2 ASC C/O Race Course Camp, Air Force Station New Delhi (নয়া দিল্লির ক্ষেত্রে) এবং 7 ASC No. 1 Cubbon Road Bengaluru (Karnataka) (বেঙ্গালুরুর ক্ষেত্রে)।

র‍্যালিতে সঙ্গে নিয়ে যেতে হবে নির্দিষ্ট বাদ্যযন্ত্র, অ্যাডমিট কার্ড, প্রার্থীর ৮ কপি সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট মাপের রঙিন ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা), শিক্ষাগত যোগ্যতা ও বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতার প্রমাণপত্র ও তার ৪ কপি করে স্বপ্রত্যয়িত নকল, এনসিসি-'এ' বা 'বি' বা 'সি' সার্টিফিকেটের (থাকলে) ৪ কপি স্ব-প্রত্যয়িত নকল, বায়ুসেনায় কর্মরত বা অবসরপ্রাপ্ত কর্মীদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট ও তার ৪ কপি স্বপ্রত্যয়িত নকল ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র। ছবি তোলার সময় একটি স্লেটে ইংরেজির বড় হরফে প্রার্থীর নাম ও যে-তারিখে সেটি তোলা হয়েছে সেই তারিখ লিখে স্লেটটি সামনে ধরে ফটো তুলতে হবে। ১ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

র‍্যালিতে অংশগ্রহণের জন্য অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iafrecruitment.edcil.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে সাম্প্রতিককালে তোলা প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (৮০-১৫০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীর অভিভাবকের সই (৮০-১৫০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (৫০-১০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ইমেজ ক্যাপচার) আপলোড করতে হবে।

অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে প্রয়োজন হবে। অনলাইন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের ১ কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

রেজিস্ট্রেশন ফি বাবদ অনলাইন দিতে হবে ১০০ টাকা (জিএসটি অতিরিক্ত)। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

আরও খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিবিনগর এইমসে অধ্যাপক

বিভিন্ন বিভাগে ৪৫ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং প্রফেসর নেবে হায়দরাবাদের বিবিনগরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/BBN/RECT/FACULTY/2026/1341.

**নিয়োগ করা হবে এই সব বিভাগে:** ফরেন্সিক মেডিসিন অ্যান্ড টক্সিকোলজি, ফার্মাকোলজি, জেনারেল মেডিসিন, ডার্মাটোলজি, সাইকিয়াট্রি, পেডিয়াট্রিক্স, জেনারেল সার্জারি, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনেকোলজি, অর্থোপেডিক্স, অপথ্যালমোলজি, ইএনটি, রেডিয়োডায়াগনসিস, অ্যানেস্থেশিয়োলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, রেডিয়োথেরাপি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, কার্ডিয়োলজি, কার্ডিয়োথোরাসিক সার্জারি, গ্যাস্ট্রোয়েন্টেরোলজি, নেফ্রোলজি, মেডিক্যাল অঙ্কোলজি, মেডিক্যাল হেমাটোলজি, পালমোনারি মেডিসিন, এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম, নিউরোসার্জারি, সার্জিক্যাল গ্যাস্ট্রোয়েন্টেরোলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, নিওন্যাটোলজি, নিউক্লিয়ার মেডিসিন।

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** ১৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭)। **অ্যাসোসিয়েট প্রফেসর:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ৫)। **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ১৬টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪)।

**বয়স:** ১৬-৮-২০২৬ তারিখে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ৫০ বছর এবং প্রফেসর পদের ক্ষেত্রে ৫৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মূল বেতন:** অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,০১,৫০০ টাকা, অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩৮,৩০০ টাকা এবং প্রফেসর পদের ক্ষেত্রে ১,৬৮,৯০০ টাকা। সঙ্গে নন-প্র্যাক্টিসিং অ্যালাওয়েন্স।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aiimsbibinagar.edu.in অনলাইন দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৬ অগস্ট। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই ও প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩,৫৪০ টাকা। মহিলা, তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

পূরণ করা দরখাস্ত প্রয়োজনীয় নথিপত্র-সহ ৩০ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Recruitment Cell, All India Institute of Medical Sciences, Bibinagar, Hyderabad Metropolitan Region (HMR), Telangana-508126, India.

শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in